বিডিনিয়োগ.কম

www.bdniyog.com

www.bdniyog.com

## বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর

**পদের নাম: ব্যক্তিগত কর্মকর্তা**

**পরীক্ষার তারিখ: ০১.০২.২০১৯**

১. **বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র আনুষ্ঠানিকভাবে জারি করা হয় ১৯৭১ সালের কত তারিখে?**
(ক) ২৬ মার্চ (খ) ৭ মার্চ
(গ) ১০ এপ্রিল* (ঘ) ১৭ এপ্রিল
**ব্যাখ্যা:** *১৯৭১ সালের ২৬ মার্চের প্রথম প্রহরে বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। ১০ এপ্রিল ১৯৭১ বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র আনুষ্ঠানিকভাবে জারি করা হয়। এ দিনই বাংলাদেশের প্রথম বা অস্থায়ী সরকার গঠিত হয় মেহেরপুর জেলার বৈদ্যনাথতলায় (বর্তমান মুজিবনগর) আমবাগানে। ১৭ এপ্রিল ১৯৭১ অস্থায়ী সরকার শপথ গ্রহণ করে।*

২. **বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ কিসের নাম?**
(ক) উপগ্রহের* (খ) নৌজাহাজের
(গ) মহাকাশ যানের (ঘ) যুদ্ধ জাহাজের

৩. **মুক্তিযুদ্ধে তারামন বিবি যুদ্ধ করেছেন কোন সেক্টরে?**
(ক) ৯ নং (খ) ৪ নং
(গ) ৮ নং (ঘ) ১১ নং*
**ব্যাখ্যা:** *তারামন বিবি ১৯৫৭ সালে কুড়িগ্রাম জেলায় জন্মগ্রহণ করেন। মুক্তিযুদ্ধে তিনি ১১ নং সেক্টরে যুদ্ধ করেন। সরকারি গেজেট (১৯৭৩) অনুযায়ী তারামন বিবির বীরত্বভূষণ নম্বর ৩৯৪। ১৯ ডিসেম্বর ১৯৯৫ তারামন বিবিকে বীরত্বসূচক পুরস্কার দেয়া হয়। মুক্তিযুদ্ধে অবদানের জন্য তিনি বীরপ্রতীক খেতাব পান। তারামন বিবিকে নিয়ে রচিত গ্রন্থ 'বীর প্রতীকের খোঁজে' (রচয়িতা আনিসুল হক)। ১ ডিসেম্বর ২০১৮ তারামন বিবি মৃত্যুবরণ করেন।*

৪. **১৭ এপ্রিল তারিখ পালিত হয় কোন দিবস?**
(ক) জাতীয় শিশু দিবস (খ) বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস
(গ) মুজিবনগর দিবস* (ঘ) ভোক্তা অধিকার দিবস
**ব্যাখ্যা:** *১৭ এপ্রিল ১৯৭১ মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে। স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন অধ্যাপক ইউসুফ আলী। নবগঠিত সরকারের অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলামকে এখানে 'গার্ড অব অনার' প্রদান করা হয়।*

৫. **রাষ্ট্রপতিকে শপথ পাঠ করান কে?**
(ক) স্পিকার* (খ) প্রধান বিচারপতি
(গ) এটর্নি জেনারেল (ঘ) প্রধানমন্ত্রী
**ব্যাখ্যা:** *রাষ্ট্রপতিকে শপথ বাক্য পাঠ করান স্পিকার। প্রধান বিচারপতি, এটর্নি জেনারেল ও প্রধানমন্ত্রীকে শপথ পড়ান রাষ্ট্রপতি। রাষ্ট্রপতি সংবিধানের ৯৫(১) অনুচ্ছেদ অনুযায়ী প্রধান বিচারপতি এবং ৫৬(৩) অনুচ্ছেদ অনুযায়ী প্রধানমন্ত্রী নিয়োগ দেন।*

৬. **বাংলাদেশের চামড়া শিল্প নগরী কোথায় অবস্থিত?**
(ক) ধামরাই (খ) সাভার*
(গ) আশুলিয়া (ঘ) কামরাঙ্গীর চর
**ব্যাখ্যা:** *চামড়া শিল্প নগরী এবং চামড়া গবেষণা ইনস্টিটিউট উভয়ই ঢাকার সাভারে অবস্থিত। আগামী ২০২১ সালের মধ্যে চামড়া খাত থেকে সরকার ৫০০ কোটি ডলার আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে।*

৭. **বাংলাদেশে বর্তমানে ইউনেস্কো ঘোষিত কয়টি বিশ্ব ঐতিহ্য রয়েছে?**
(ক) ৪টি (খ) ৩টি*
(গ) ৫টি (ঘ) ৬টি
**ব্যাখ্যা:** *বাংলাদেশে ইউনেস্কো ঘোষিত বিশ্ব ঐতিহ্য ৩টি। যথা: সোমপুর বিহার (১৯৮৫), ষাটগম্বুজ মসজিদ (১৯৮৫) এবং সুন্দরবন (১৯৯৭)।*

৮. **বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগের ছাত্রী ছিলেন?**
(ক) রাষ্ট্রবিজ্ঞান (খ) লোকপ্রশাসন
(গ) ইংরেজি (ঘ) বাংলা বিভাগ*
**ব্যাখ্যা:** *বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের ছাত্রী ছিলেন। ১৯৭৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বিএ পাস করেন। ছাত্রজীবন থেকেই রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন শেখ হাসিনা। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সদস্য ও রোকেয়া হল শাখার সাধারণ সম্পাদক নির্বাচিত হন। বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে দীর্ঘতম প্রধানমন্ত্রী হলেন শেখ হাসিনা। শেখ হাসিনা ৩টি জাতীয় সংসদে বিরোধী দলীয় নেতা ছিলেন (অষ্টম)। শেখ হাসিনা প্রধানমন্ত্রী নির্বাচিত হন ৪ বার।*

৯. **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' প্রথম প্রকাশিত হয় কোন সালে?**
(ক) ২০১৪ (খ) ২০১৩
(গ) ২০১১ (ঘ) ২০১২*
**ব্যাখ্যা:** *'অসমাপ্ত আত্মজীবনী' (ইংরেজিতে: Unfinished Memoirs) প্রথম প্রকাশিত হয় ২০১২ সালের ১৮ জুন। 'অসমাপ্ত আত্মজীবনী'র ইংরেজি অনুবাদক ড. ফখরুল আলম (বাংলাদেশ)। বইটির প্রচ্ছদ আঁকেন সমর মজুমদার। এর পৃষ্ঠা সংখ্যা ৩২৯। 'অসমাপ্ত আত্মজীবনী' এ পর্যন্ত ১৩টি ভাষায় অনূদিত হয়েছে। সর্বশেষ অনূদিত হয় ইতালি ভাষায় (অনুবাদক: আন্না কোক্কিয়ারেল্লা)।*

১০. **মুজিবনগরের পূর্ব নাম ছিল-**
(ক) আম্রকানন (খ) বৈদ্যনাথতলা*
(গ) মাথাভাঙ্গা (ঘ) পলাশডাঙ্গা

১১. **ব্যাখ্যা:** *মুজিবনগরের পূর্ব নাম ছিল বৈদ্যনাথতলা। মুক্তিযুদ্ধকালীন গঠিত সরকার 'মুজিবনগর সরকার' নামে পরিচিত। ১৯৭১ সালের ১০ এপ্রিল মেহেরপুরের বৈদ্যনাথতলায় (বর্তমানে মুজিবনগর) বাংলাদেশের প্রথম (অস্থায়ী) সরকার গঠিত হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামানুসারে তাজউদ্দিন আহমেদ মুজিবনগর সরকার নামকরণ করেন। ১৭ এপ্রিল ১৯৭১ অস্থায়ী সরকার শপথ গ্রহণ করে।*

১২. **বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা কতটি?**
(ক) ৩০টি (খ) ৩৯টি
(গ) ৪০টি (ঘ) ৪১টি
**ব্যাখ্যা:** *২৩ মার্চ ২০১৯ প্রকাশিত গেজেট অনুসারে বর্তমানে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা ৫০টি।*

১৩. **শততম টেস্টে বাংলাদেশ মোট কত উইকেটে জিতেছে?**
(ক) ৫ (খ) ৩
(গ) ৪* (ঘ) ৮

১৪. **বাংলাদেশের প্রাকৃতিক মৎস্য প্রজনন নদী কোনটি?**
(ক) যমুনা (খ) মেঘনা
(গ) কর্ণফুলী (ঘ) হালদা*
**ব্যাখ্যা:** *বাংলাদেশের সবচেয়ে চরবিশিষ্ট নদী যমুনা। প্রাকৃতিক মৎস্য প্রজননের বিখ্যাত নদী হালদা (চট্টগ্রাম)। বাংলাদেশের প্রশস্ততম/দীর্ঘতম/গভীরতম/নাব্য/বৃহত্তম নদী মেঘনা। বাংলাদেশের সবচেয়ে খরস্রোতা নদী কর্ণফুলী।*

১৫. **কানাডার বর্তমান প্রধানমন্ত্রীর নাম কি?**
(ক) ডোনাল্ড ট্রাম্প (খ) জন হাওয়ার্ড
(গ) জুলিয়া গিলার্ড (ঘ) জাস্টিন ট্রুডো*
**ব্যাখ্যা:** *কানাডার বর্তমান প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। কমনওয়েলথ-এর এই দেশটি আঁকারে সর্ববৃহৎ এবং আয়তনে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম দেশ। কানাডার রাষ্ট্রপ্রধান ব্রিটেনের রাণী দ্বিতীয় এলিজাবেথ। দেশটির মুদ্রায় ব্রিটেনের রাণীর ছবি আছে। বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় কানাডার প্রধানমন্ত্রী ছিলেন পিয়েরে ট্রুডো (জাস্টিন ট্রুডোর পিতা)।*

১৬. **আলেপ্পো শহরটি কোথায় অবস্থিত?**
(ক) ইরাক (খ) ইরান
(গ) জর্ডান (ঘ) সিরিয়া*
**ব্যাখ্যা:** *সিরিয়ার উত্তর-পূর্বাঞ্চলীয় দ্বিতীয় বৃহত্তম শহর আলেপ্পো। সিরিয়ার আরেকটি শহর ইদলিব, যার দখল নিয়ে সম্প্রতি রাশিয়া ও তুরস্কের মধ্যে উত্তেজনা দেখা দেয়। দেশটির রাজধানী ও বৃহত্তম শহর দামেস্ক।*



www.bdniyog.com

www.bdniyog.com

**১৭. গ্রিণ ক্লাইমেট ফান্ডের হেড অফিস কোথায়?**

(ক) ফিলিপিন্স | (খ) সিঙ্গাপুর
(গ) প্যারিস | (ঘ) রোম

**ব্যাখ্যা:** *গ্রিণ ক্লাইমেট ফান্ডের হেড অফিস দক্ষিণ কোরিয়ার জুনচিয়নের সংড়ুতে অবস্থিত। ২০০৯ সালে ডেনমার্কের কোপেনহেগেনে অনুষ্ঠিত কপ-১৫ সম্মেলনে গ্রিণ ক্লাইমেট ফান্ড (সবুজ জলবায়ু তহবিল) গঠন করা হয়। শিল্পোন্নত দেশগুলো জলবায়ু তহবিলে ১০০ বিলিয়ন ডলার দেয়ার প্রতিশ্রুতি দেয়।*

**১৮. এডিবি (ব্যাংক) এর বর্তমান সদস্য সংখ্যা কত?**

(ক) ৪৮ | (খ) ৫০
(গ) ৬৭ | (ঘ) ৭২

**ব্যাখ্যা:** *এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) প্রতিষ্ঠিত হয় ১৯ ডিসেম্বর, ১৯৬৬। এর সদর ফিলিপাইনের ম্যানিলায়। বর্তমান সদস্য সংখ্যা ৬৮। বাংলাদেশ ১৯৭৩ সালে সংস্থাটির সদস্যপদ লাভ করে। বর্তমানে এডিবির সভাপতি মাসাতসুগু আসাকাওয়া (জাপান)।*

**১৯. প্রথম বিশ্বযুদ্ধ কত সালে শেষ হয়?**

(ক) ১৯১৪ | (খ) ১৯১৬
(গ) ১৯৪৫ | (ঘ) ১৯১৮*

**ব্যাখ্যা:** *প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয় ১৯১৪ সালের ২৮ জুলাই এবং শেষ হয় ১৯১৮ সালের ১১ নভেম্বর।*

**২০. আয়তনের দিক থেকে বিশ্বের সবচেয়ে বড় দেশ কোনটি?**

(ক) মার্কিন যুক্তরাষ্ট্র | (খ) কানাডা
(গ) চীন | (ঘ) রাশিয়া*

**ব্যাখ্যা:** *আয়তনে বিশ্বের বৃহত্তম দেশ রাশিয়া (২য় কানাডা, ৩য় যুক্তরাষ্ট্র, ৪র্থ চীন ও ৫ম ব্রাজিল)। জনসংখ্যায় বিশ্বের বৃহত্তম দেশ চীন (২য় ভারত, ৩য় যুক্তরাষ্ট্র, ৪র্থ ইন্দোনেশিয়া এবং ৫ম ব্রাজিল)। আর আয়তনে ও জনসংখ্যায় বিশ্বের ক্ষুদ্রতম দেশ ভ্যাটিকান সিটি। জনসংখ্যায় বিশ্বে বাংলাদেশের অবস্থান ৮ম [সূত্র: বিশ্ব জনসংখ্যা রিপোর্ট ২০১৯]। জনসংখ্যায় মুসলিম বিশ্বে শীর্ষ দেশ ইন্দোনেশিয়া (বাংলাদেশের অবস্থান ৪র্থ)। জনসংখ্যায় সার্কভুক্ত শীর্ষ দেশ ভারত (বাংলাদেশ ৩য়)।*

**২১. মার্কিন যুক্তরাষ্ট্রের বর্তমান পররাষ্ট্রমন্ত্রীর নাম কি?**

(ক) হিলারি ক্লিনটন | (খ) রেক্স টিলারসন
(গ) মাইক পম্পেও | (ঘ) জর্জ মাতিস

**ব্যাখ্যা:** *মার্কিন যুক্তরাষ্ট্রের বর্তমান পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও যিনি দেশটির সাবেক সিআইএ প্রধান ছিলেন।*

**২২. ভারতের মোট রাজ্যের সংখ্যা কতটি?**

(ক) ২০টি | (খ) ২৯টি
(গ) ৩০টি | (ঘ) ৩২টি

**ব্যাখ্যা:** *বর্তমানে ভারতের রাজ্য সংখ্যা ২৮টি এবং কেন্দ্রশাসিত অঞ্চল ৯টি।*

**২৩. ভূমিকম্প নির্ণায়ক যন্ত্রের নাম কি?**

(ক) ব্যারোমিটার | (খ) সিসমোগ্রাফ*
(গ) ম্যানোমিটার | (ঘ) ট্রাপোমিটার

**ব্যাখ্যা:** *বায়ুমন্ডলের চাপ মাপার যন্ত্র ব্যারোমিটার। ভূমিকম্পের তীব্রতা ও উৎস পরিমাপক যন্ত্র সিসমোগ্রাফ। গ্যাসের চাপ মাপার যন্ত্র ম্যানোমিটার।*

**২৪. বাংলাদেশের কোন বিজ্ঞানী পাটের জীবন রহস্য আবিষ্কার করেছেন?**

(ক) অধ্যাপক আবদুস সালাম | (খ) ড. মতিন পাটোয়ারী
(গ) ড. শমসের আলী | (ঘ) ড. মাকসুদুল আলম*

**ব্যাখ্যা:** *বাংলাদেশী জিনতত্ত্ববিদ ড. মাকসুদুল আলম ১৯৯৭ সালে ব্যাকটেরিয়া, ২০০৮ সালে পেঁপে, ২০০৯ সালে রাবার, ২০১০ সালে পাট এবং ২০১২ সালে ছত্রাকের জীবন রহস্য উন্মোচন করেন।*

## খনিজ সম্পদ মন্ত্রণালয়

**পদের নাম: সহকারি সচিব/সহকারি পরিচালক (প্রশাসন)**

**পরীক্ষার তারিখ: ২৫.০১.২০১৯**

**১. 'কালাপানি' কোন দুটি রাষ্ট্রের মধ্যে অমীমাংসিত ভূখন্ড?**

(ক) ভারত ও নেপাল* | (খ) পাকিস্তান ও চীন
(গ) ভূটান ও ভারত | (ঘ) বাংলাদেশ ও ভারত

**২. ভারতের কতটি ছিটমহল বাংলাদেশের ভৌগোলিক সীমায় অন্তর্ভুক্ত হয়েছে?**

(ক) ১৬২টি | (খ) ১১১টি*
(গ) ৫১টি | (ঘ) ১০১টি

**৩. সুয়েজ খাল কোন বৎসর চালু হয়?**

(ক) ১৯০৩ | (খ) ১৮৫৯*
(গ) ১৮৮৯ | (ঘ) ১৮৫৪

**ব্যাখ্যা:** *সুয়েজ খাল মিসরে অবস্থিত। ১৯৫৬ সালের ২৬ জুলাই মিসর সুয়েজ খাল জাতীয়করণ করে। সুয়েজ খাল ভূমধ্যসাগরকে লোহিত সাগরের সাথে যুক্ত করেছে। অপরদিকে, এটি এশিয়া ও আফ্রিকাকে পৃথক করেছে।*

**৪. সুন্দরবনে বাঘ গণনায় ব্যবহৃত হয়-**

(ক) পাগমার্ক* | (খ) ফুটমার্ক
(ঘ) কোয়ার্ডবেট | (ঘ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *আগে সুন্দরবনে বাঘ গণনায় পাগমার্ক (পায়ের ছাপ পদ্ধতি) ব্যবহার করা হতো। বর্তমানে বাঘ গণনায় ক্যামেরা ট্রাপিং পদ্ধতি (ক্যামেরার ফাঁদ পেতে ছবি তোলা) ব্যবহার করা হয়।*

**৫. কীসের স্রোতে নদীখাত গভীর হয়?**

(ক) সমুদ্র স্রোত | (খ) জোয়ার-ভাটার স্রোত*
(গ) বানের স্রোত | (ঘ) নদী স্রোত

**৬. গভীর সমুদ্রবন্দর নির্মাণের জন্য প্রস্তাবিত সোনাদিয়া দ্বীপের আয়তন কত?**

(ক) ৯১ বর্গ কিলোমিটার | (খ) ৯ বর্গ কিলোমিটার*
(গ) ৭ বর্গ কিলোমিটার | (ঘ) ৮ বর্গ কিলোমিটার

**ব্যাখ্যা:** *কক্সবাজারের মহেশখালি উপজেলার সোনাদিয়ায় গভীর সমুদ্রবন্দর নির্মাণের ঘোষণা দেয়া হয় ২০০৯ সালে। প্রস্তাবিত এই দ্বীপটির আয়তন ৯ বর্গ কিলোমিটার। কিন্তু চীন ও জাপান প্রথমে অর্থায়নের আশ্বাস দিলেও পরে সিদ্ধান্ত থেকে সরে যায়। ফলে প্রকল্পটি বাতিল করা হয়েছে।*

**৭. 'অলিভ টারটল' বাংলাদেশের কোন দ্বীপে পাওয়া যায়?**

(ক) সেন্টমার্টিন* | (খ) রাঙাবালি
(গ) চর আলেকজান্ডার | (ঘ) ছেড়াদ্বীপ

**ব্যাখ্যা:** *নাফ নদীর মোহনায় অবস্থিত বাংলাদেশের একমাত্র সামুদ্রিক প্রবাল দ্বীপ সেন্টমার্টিন (কক্সবাজার)। এটি টেকনাফ সমুদ্র উপকূল থেকে ৯ কিমি দক্ষিণে বঙ্গোপসাগরে অবস্থিত। দ্বীপটির অন্য নাম নারিকেল জিঞ্জিরা। রাঙাবালি পটুয়াখালিতে এবং চর আলেকজান্ডার লক্ষ্মীপুরে অবস্থিত। ছেঁড়াদ্বীপ বাংলাদেশের সর্বদক্ষিণের দ্বীপ।*

**৮. মহাজাগতিক রশ্মির আবিষ্কারক-**

(ক) হেস* | (খ) আইনস্টাইন
(গ) টলেমি | (ঘ) হাবল

**৯. 'সোনালিকা' ও 'আকবর' বাংলাদেশের কৃষিক্ষেত্রে কিসের নাম?**

(ক) উন্নত কৃষি যন্ত্রপাতির নাম
(খ) উন্নত জাতের ধানের নাম
(গ) দুটি কৃষি বিষয়ক বেসরকারি সংস্থার নাম
(ঘ) উন্নত জাতের গমের নাম*

**১০. সুনামির (Tsunami) কারণ হলো-**

(ক) আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত | (খ) ঘূর্ণিঝড়
(গ) চন্দ্র ও সূর্যের আকর্ষণ | (ঘ) সমুদ্র তলদেশের ভূমিকম্প



www.bdniyog.com

www.bdniyog.com

**ব্যাখ্যা:** *'সুনামি' জাপানি শব্দ। বাংলায় এর অর্থ 'পোতাশ্রয় ঢেউ'। সাগর বা নদী বা অন্য কোন জলক্ষেত্রে ভূমিকম্পের, ভূমিধ্বসের কিংবা আগ্নেয়গিরির উদগীরণের প্রভাবে সৃষ্ট জলোচ্ছ্বাসকেই বলা হয় সুনামি।*

**১১. সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয় কবে?**
(ক) ৩১ জানুয়ারি ১৯৫২* (খ) ১ ফেব্রুয়ারি ১৯৫২
(গ) ১৮ ফেব্রুয়ারি ১৯৫২ (ঘ) ২০ জানুয়ারি ১৯৫২

**১২. মাথাপিছু গ্রিণহাউজ গ্যাস উদগীরণে সবচেয়ে বেশি দায়ী কোন দেশটি?**
(ক) রাশিয়া (খ) যুক্তরাষ্ট্র*
(গ) ইরান (ঘ) জার্মানি

**১৩. নিচের কোন আপদটি (Hazard) মানুষের মৃত্যুর প্রধান কারণ?**
(ক) সড়ক দুর্ঘটনা (খ) তামাক ও মাদকদ্রব্য গ্রহণ
(গ) ক্যান্সার (ঘ) বায়ু দূষণ*

**১৪. কোন উপজাতি বা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ধর্ম ইসলাম?**
(ক) রাখাইন (খ) মারমা
(গ) পাঙন* (ঘ) খিয়াং

**ব্যাখ্যা:** *রাখাইন, মারমা ও খিয়াং নৃ-গোষ্ঠীর মানুষরা বৌদ্ধ ধর্মাবলম্বী। অন্যদিকে, পাঙনরা ইসলাম ধর্মাবলম্বী।*

**১৫. জনগণ, রাষ্ট্র ও প্রশাসনের সাথে ঘনিষ্ঠ প্রত্যয় হলো-**
(ক) সুশাসন* (খ) আইনের শাসন
(গ) রাজনীতি (ঘ) মানবাধিকার

**১৬. 'সুবর্ণ মধ্যক' হলো-**
(ক) গাণিতিক সমাধান
(খ) দু'টি চরমপন্থার মধ্যবর্তী পন্থা*
(গ) সম্ভাব্য সব ধরণের কাজের মধ্যমান
(ঘ) একটি দার্শনিক সম্প্রদায়ের নাম

**ব্যাখ্যা:** *সুবর্ণ মধ্যক হলো দুটি চরম পন্থার মধ্যবর্তী পন্থা। সুবর্ণ মধ্যকের প্রথম ধারণা দেন গ্রিক দার্শনিক এরিস্টটল। দর্শন জগতের অন্যতম ও শ্রেষ্ঠতম ধারণাগুলোর একটি সুবর্ণ মধ্যক।*

**১৭. একজন জনপ্রশাসকের মৌলিক মূল্যবোধ হলো-**
(ক) স্বাধীনতা (খ) ক্ষমতা
(গ) জনকল্যাণ* (ঘ) কর্মদক্ষতা

**১৮. 'ডমিনো' তত্ত্বটি কোন অঞ্চলের জন্য প্রযোজ্য ছিল?**
(ক) পূর্ব ইউরোপ (খ) পূর্ব আফ্রিকা
(গ) দক্ষিণ-পূর্ব এশিয়া* (ঘ) নিকট প্রাচ্য*

**ব্যাখ্যা:** *ডোমিনো তত্ত্বটির প্রবক্তা সাবেক মার্কিন প্রেসিডেন্ট আইজেন হাওয়ার। 'ডমিনো' তত্ত্বটি দক্ষিণ-পূর্ব এশিয়ার জন্য প্রযোজ্য ছিল। কোনো একটি পুঁজিবাদ অধ্যুষিত অঞ্চলের মাঝে যদি একটি রাষ্ট্র তাদের রাজনৈতিক ব্যবস্থাকে কমিউনিজমে পরিবর্তন করে ফেলে, তাহলে সেই রাষ্ট্রের প্রতিক্রিয়ায় তার আশেপাশের রাষ্ট্রগুলোতেও কমিউনিজম ছড়িয়ে পড়ার আশঙ্কা থাকে। এটিই ডমিনো তত্ত্বের মূল কথা।*

**১৯. লর্ড ক্যানিং ভারত উপমহাদেশে প্রথম কোন ব্যবস্থা চালু করেন?**
(ক) চিরস্থায়ী বন্দোবস্ত ব্যবস্থা (খ) সতীদাহ নিবারণ ব্যবস্থা
(গ) দ্বৈত শাসন ব্যবস্থা (ঘ) পুলিশ ব্যবস্থা*

**ব্যাখ্যা:** *১৭৯৩ সালে চিরস্থায়ী বন্দোবস্ত ব্যবস্থা করেন লর্ড কর্ণওয়ালিস। ১৮২৯ সালে সতীদাহ ব্যবস্থা রহিত করেন লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক। ১৭৬৭ সালে দ্বৈত শাসন ব্যবস্থা চালু করেন লর্ড ক্লাইভ। ১৭৭২ সালে দ্বৈত শাসন ব্যবস্থা রহিত করেন লর্ড ওয়ারেন হেস্টিংস। উপমহাদেশে পুলিশ সার্ভিস প্রথম চালু করেন লর্ড ক্যানিং।*

**২০. বখতিয়ার খলজি বাংলা জয় করেন কোন সালে?**
(ক) ১২০০ (খ) ১২০৪*
(গ) ১২১১ (ঘ) ১২১২

**ব্যাখ্যা:** *বাংলার প্রথম স্বাধীন সুলতান ছিলেন তুর্কি সেনাপতি ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বিন বখতিয়ার খলজী। ১২০৪ সালের প্রথম দিকে সেন শাসনের অবসান ঘটিয়ে নদীয় জয় করে বাংলায় মুসলিম শাসনের সূচনা করেন।*

**২১. মানুষের কোন ক্রিয়া নীতিবিদ্যার আলোচ্য বিষয়?**
(ক) ঐচ্ছিক ক্রিয়া (খ) ইচ্ছা নিরপেক্ষ ক্রিয়া
(গ) অনৈচ্ছিক ক্রিয়া (ঘ) ক ও গ উভয়ই*

**২২. বর্তমান বিশ্বে 'নিউ সিল্ক রোড' এর প্রবক্তা-**
(ক) জাপান (খ) ভারত
(গ) আফগানিস্তান (ঘ) চীন*

**ব্যাখ্যা:** *প্রাচীন সিল্ক রুটের আধুনিক সংস্করণ হলো 'নয়া সিল্ক রোড' বা 'ওয়ান বেল্ট, ওয়ান রোড'। ২০১৩ সালে 'ওয়ান বেল্ট, ওয়ান রোড' (OBOR) মহাপরিকল্পনার উদ্যোগ গ্রহণ করেন চীনের বর্তমান প্রেসিডেন্ট শি জিনপিং। চীনা সিল্ক রুটের আদলে 'কটন রুট' তৈরির পরিকল্পনা করেছে ভারত।*

## দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

পদের নাম: অডিটর
পরীক্ষার তারিখ: ২২.০৩.২০১৯

**১. বাংলাদেশে কোন সাল হতে বয়স্ক ভাতা চালু হয়?**
(ক) ১৯৯৭* (খ) ১৯৯৮
(গ) ১৯৯৯ (ঘ) ২০০১

**ব্যাখ্যা:** *১৯৯৭-৯৮ অর্থবছর হতে প্রাথমিকভাবে দেশের সকল ইউনিয়ন পরিষদের প্রতিটি ওয়ার্ডে ৫ জন পুরুষ ও ৫ জন মহিলাসহ ১০ জন দরিদ্র বয়োজ্যেষ্ঠ ব্যক্তিকে প্রতিমাসে ১০০ টাকা হারে ভাতা প্রদানের আওতায় আনা হয়। পরবর্তীতে দেশের সকল পৌরসভা ও সিটি কর্পোরেশনকে এ কর্মসূচির আওতাভুক্ত করা হয়।*

**২. রবিশংকর একজন বিখ্যাত-**
(ক) সেতার বাদক* (খ) গায়ক
(গ) সরোজ বাদক (ঘ) ক্রিকেটার

**ব্যাখ্যা:** *রবিশংকর হলেন ভারতীয় সুরকার, সঙ্গীতজ্ঞ ও সেতারবাদক। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতার পক্ষে জনমত তৈরি এবং শরণার্থীদের জন্য তহবিল সংগ্রহের জন্য পণ্ডিত রবিশংকর (ভারত) এবং জর্জ হ্যারিসন (যুক্তরাষ্ট্র) এর উদ্যোগে নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ারে 'কনসার্ট ফর বাংলাদেশ' অনুষ্ঠিত হয়।*

**৩. আন্তর্জাতিক নারী দিবস কোনটি?**
(ক) ১০ ডিসেম্বর (খ) ৮ মার্চ*
(গ) ১৫ জুলাই (ঘ) ১০ এপ্রিল

**ব্যাখ্যা:** *বিশ্ব মানবাধিকার দিবস ১০ ডিসেম্বর। আন্তর্জাতিক নারী দিবস ৮ মার্চ।*

**৪. হালদা নদী কি জন্য বিখ্যাত?**
(ক) মৎস্য প্রজনন* (খ) নদী বন্দর
(গ) খরস্রোতা (ঘ) ইলিশ মাছ

**ব্যাখ্যা:** *বাংলাদেশের মৎস্য খনিখ্যাত নদী হালদা; যা প্রাকৃতিক মৎস্য প্রজননের জন্য বিখ্যাত। নদীটি বাংলাদেশের জলসীমায় উৎপত্তি ও সমাপ্ত হয়েছে। বাংলাদেশের প্রধান নদী বন্দর নারায়ণগঞ্জ। বাংলাদেশের সবচেয়ে খরস্রোতা নদী কর্ণফুলি। বাংলাদেশের চাঁদপুর জেলা ইলিশের জন্য বিখ্যাত।*

## দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

পদের নাম: অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর
পরীক্ষার তারিখ: ২২.০৩.২০১৯

**১. বাংলাদেশের জাতীয় ফুলের নাম কি?**
(ক) পদ্ম (খ) গোলাপ
(গ) শাপলা* (ঘ) জবা

**ব্যাখ্যা:** *বাংলাদেশের জাতীয় ফুল 'শাপলা'; জাতীয় ফল 'কাঁঠাল'; জাতীয় বৃক্ষ 'আমগাছ'; জাতীয় পশু 'রয়েল বেঙ্গল টাইগার'; জাতীয় পাখি 'দোয়েল'; জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা' এবং জাতীয় খেলা 'কাবাডি'।*



www.bdniyog.com

২. **সার্ক ফোয়ারার স্থপতি কে?**
(ক) হামিদুর রহমান (খ) নিতুন কুন্ডু*
(গ) শামীম সিকদার (ঘ) মইনুল হোসেন
**ব্যাখ্যা:** *কেন্দ্রীয় শহীদ মিনার (ঢাকা) এর স্থপতি হামিদুর রহমান। সাবাস বাংলাদেশ (রাবি), সার্ক ফোয়ারা (পান্থপথ, ঢাকা), কদম ফোয়ারা (ঢাকা) এবং সাম্পান (চট্টগ্রাম) এর স্থপতি নিতুন কুন্ডু। স্বোপার্জিত স্বাধীনতা (টিএসসি, ঢাবি) এবং স্বাধীনতা সংগ্রাম (ফুলার রোড, ঢাবি) এর স্থপতি শামীম সিকদার। জাতীয় স্মৃতিসৌধ (সাভার, ঢাকা) এর স্থপতি মইনুল হোসেন।*

৩. **বঙ্গবন্ধু সেতু কোন নদীর ওপর নির্মিত?**
(ক) পদ্মা (খ) বুড়িগঙ্গা
(গ) মেঘনা (ঘ) যমুনা*
**ব্যাখ্যা:** *বঙ্গবন্ধু সেতুর দৈর্ঘ্য ৪.৮ কিমি এবং প্রস্থ ১৮.৫ মিটার। সেতুর দীর্ঘতম স্প্যানটির দৈর্ঘ্য ১০০ মিটার। এটি যমুনা নদীর ওপর নির্মিত। বঙ্গবন্ধু সেতু টাঙ্গাইল ও সিরাজগঞ্জ জেলাকে যুক্ত করেছে। ১৯৯৮ সালের ২৩ জুন সেতুটি যান চলাচলের জন্য উন্মুক্ত করা হয়।*

৪. **কোন সালে মানুষ প্রথম চাঁদে গিয়েছিল?**
(ক) ১৯৫৯ (খ) ১৯৬৬
(গ) ১৯৬৯* (ঘ) ১৯৭৯
**ব্যাখ্যা:** *১৯৬৯ সালের ২০ জুলাই অ্যাপোলো-১১ এ মার্কিন মহাকাশচারী নীল আর্মস্ট্রং প্রথম মানব হিসেবে চাঁদের মাটিতে পা রাখেন।*

৫. **রামসাগর দীঘি কোন জেলায় অবস্থিত?**
(ক) রংপুর (খ) দিনাজপুর*
(গ) নবাবগঞ্জ (ঘ) কুড়িগ্রাম
**ব্যাখ্যা:** *রামসাগর দীঘি দিনাজপুরে অবস্থিত। এটি মনুষ্য সৃষ্ট সবচেয়ে বড় দীঘি। এছাড়া সাগর দীঘি টাঙ্গাইলে, ধর্মসাগর দীঘি কুমিল্লায় এবং বিজয় সিংহের দীঘি ফেনীতে অবস্থিত।*

৬. **শেষ মোঘল সম্রাট কে ছিলেন?**
(ক) হুমায়ুন (খ) শাহজাহান
(গ) বাহাদুর শাহ* (ঘ) আকবর
**ব্যাখ্যা:** *বাংলায় মুগল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা জহীরুদ্দীন মুহম্মদ বাবরের জ্যেষ্ঠপুত্র ছিলেন হুমায়ূন। হুমায়ূন বাংলার নাম দেন জান্নাতুল সুবাহ বা জান্নাতাবাদ। হুমায়ূনের পুত্র সম্রাট আকবর এর শাসনামলে সমগ্র বাংলা সুবহ-ই-বাঙ্গালাহ নামে পরিচিত ছিল। সম্রাট শাহজাহান আগ্রার তাজমহল, দিল্লির লাল কেল্লা ও ময়ূর সিংহাসন নির্মাণ করেন। শেষ মুগল সম্রাট ছিলেন দ্বিতীয় বাহাদুর শাহ যাকে ইয়াঙ্গুনে সমাহিত করা হয়।*

৭. **বাংলাদেশের প্রথম নারী এভারেস্ট বিজয়ী কে?**
(ক) জান্নাতুল ফেরদৌস (খ) নিশাত মজুমদার*
(গ) নাজমুন আরা সুলতানা (ঘ) আনিসা আহমেদ
**ব্যাখ্যা:** *২০১৮ সালে 'মিস ওয়ার্ল্ড বাংলাদেশ' এর মুকুট জয় করেন জান্নাতুল ফেরদৌস ঐশী। বাংলাদেশের প্রথম নারী এভারেস্ট জয়ী নিশাত মজুমদার। বাংলাদেশের প্রথম নারী বিচারপতি নাজমুন আরা সুলতানা। আনিসা আহমেদ মালদ্বীপের একজন মানবাধিকার কর্মী।*

৮. **কুতুব মিনার কোথায় অবস্থিত?**
(ক) বাংলাদেশ (খ) ভারত*
(গ) চীন (ঘ) নেপাল
**ব্যাখ্যা:** *কুতুব মিনার ভারতের দিল্লিতে অবস্থিত। ১১৯২ সালে কুতুবউদ্দিন আইবেক এই মিনারের নির্মাণকাজ আরম্ভ করেছিলেন। এরপর ইলতুতমিসের রাজত্বকালে (১২১১-৩৮) মিনারটির নির্মাণকাজ সমাপ্ত হয়।*

৯. **রজত জয়ন্তী বলতে কততম বর্ষপূর্তি বোঝায়?**
(ক) ২৫ বৎসর (খ) ৫০ বৎসর
(গ) ৭৫ বৎসর* (ঘ) ১০০ বৎসর
**ব্যাখ্যা:** *২৫ বছর পূর্তি রজত জয়ন্তী (সিলভার জুবিলি)। ৫০ বছর পূর্তি সুবর্ন জয়ন্তী (গোল্ডেন জুবিলি)। ৬০ বছর পূর্তি হীরক জয়ন্তী (ডায়মন্ড জুবিলি)। ৭৫ বছর পূর্তি প্লাটিনাম জয়ন্তী। ১০০ বছর পূর্তি শতবর্ষ। ১৫০ বছর পূর্তি সার্ধশত বর্ষ।*

www.bdniyog.com

১০. **রেডক্রসের প্রতিষ্ঠাতা কে?**
(ক) ফ্লোরেন্স নাইটিঙ্গেল (খ) স্যার হেনরি ডুনান্ট*
(গ) পল হ্যারিস (ঘ) মেলভিন জোন্স
**ব্যাখ্যা:** *রেডক্রসের প্রতিষ্ঠাতা স্যার হেনরি ডুনান্ট। রোটারি ইন্টারন্যাশনালের প্রতিষ্ঠাতা পল হ্যারিস। লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনালের প্রতিষ্ঠাতা মেলভিন জোন্স। আর ফ্লোরেন্স নাইটিঙ্গেলকে (ইতালি) বলা হয় 'লেডি উয়িথ দ্য ল্যাম্প'। ফ্লোরেন্স নাইটিঙ্গেল নামটি ক্রিমিয়া যুদ্ধের সাথে জড়িত।*

১১. **ক্যাঙ্গারুর দেশ কোনটি?**
(ক) জাপান (খ) মিশর
(গ) নিউজিল্যান্ড (ঘ) অস্ট্রেলিয়া*
**ব্যাখ্যা:** *সূর্যোদয়ের দেশ জাপান। নীলনদের দেশ মিসর। পশমের দেশ নিউজিল্যান্ড। ক্যাঙ্গারুর দেশ অস্ট্রেলিয়া।*

## কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স

**পদের নাম: জুনিয়র অডিটর**
**পরীক্ষার তারিখ: ১৫.০৩.২০১৯**

১. **বাংলাদেশের বাইরে প্রথম শহীদ মিনার স্থাপিত হয় কোন দেশে?**
(ক) অস্ট্রেলিয়া (খ) যুক্তরাজ্য*
(গ) যুক্তরাষ্ট্র (ঘ) চীন (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *দেশের বাইরে প্রথম শহীদ মিনার নির্মিত হয় ব্রিটেনের ওল্ডহ্যাম শহরে (১৯৯৭ সালে)। অন্যদিকে, বহির্বিশ্বে বাংলাদেশ সরকারের অর্থায়নে প্রথম শহীদ মিনার নির্মিত হয় জাপানে (২০০৫ সালে)।*

২. **বাংলার কোন শাসক সাত গম্বুজ মসজিদ নির্মাণ করেন?**
(ক) ইসলাম খান (খ) শাহ সুজা
(গ) শায়েস্তা খাঁ (ঘ) মীর জুমলা (ঙ) কোনটিই নয়*
**ব্যাখ্যা:** *সপ্তদশ শতকে সাত গম্বুজ মসজিদটি নির্মাণ করেন শায়েস্তা খাঁর পুত্র উমিদ খাঁ। এটি ঢাকার মোহাম্মাদপুরে অবস্থিত।*

৩. **প্রাকৃতিক জলপ্রপাত 'হামমাম' বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?**
(ক) সিলেট (খ) খাগড়াছড়ি
(গ) মৌলভীবাজার* (ঘ) কক্সবাজার (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *মৌলভীবাজারে মাধবকুন্ড জলপ্রপাত ও হামমাম জলপ্রপাত, খাগড়াছড়িতে রিছানং ঝরণা, কক্সবাজারের হিমছড়িতে শীতল পানির ঝরণা, চট্টগ্রামের সীতাকুন্ডের চন্দ্রনাথ পাহাড়ে গরম পানির ঝরণা অবস্থিত।*

৪. **তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা কোন সংশোধনীর মাধ্যমে বাতিল করা হয়?**
(ক) ১৩শ (খ) ১৪শ
(গ) ১৫শ* (ঘ) ১৬শ (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *১৯৯৬ সালের ২৬ মার্চ সংবিধানের ত্রয়োদশ সংশোধনী পাশের মাধ্যমে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার গঠন করা হয়। ২০১১ সালের ৩০ জুন সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করা হয়। উল্লেখ্য, বাংলাদেশের প্রথম তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা ছিলেন বিচারপতি সাহাবুদ্দীন আহমদ (১৯৯০ সালে)। প্রথমবারের মত তত্ত্বাবধায়ক সরকারের নিয়ন্ত্রণে পঞ্চম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয় (২৭ ফেব্রুয়ারি ১৯৯১)।*

৫. **নিচের কোন উপজাতি গোষ্ঠীটি মাতৃপ্রধান?**
(ক) চাকমা (খ) গারো*
(গ) সাঁওতাল (ঘ) মারমা (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *গারো ও খাসিয়ারা মাতৃতান্ত্রিক উপজাতি। সরকারি গেজেট অনুসারে বর্তমানে দেশে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বা উপজাতির সংখ্যা ৫০টি।*

৬. **নিচের কোন চলচ্চিত্রটি মুক্তিযুদ্ধকে উপজীব্য করে নির্মিত হয়েছে?**
(ক) ঢাকা (খ) জীবন থেকে নেওয়া
(গ) সূর্য দীঘল বাড়ি (ঘ) জীবনঢুলী* (ঙ) কোনটিই নয়


www.bdniyog.com

**ব্যাখ্যা:** *বাংলাদেশের মহান স্বাধীনতা যুদ্ধের পটভূমিতে সরকারি অনুদানে নির্মিত একটি চলচ্চিত্র 'জীবনঢুলী' (২০১৪)। চলচ্চিত্রটির পরিচালক তানভীর মোকাম্মেল। সেলিম আল দীন রচিত চাকা গল্প অবলম্বনে নির্মিত চলচ্চিত্র 'চাকা' (পরিচালক মোরশেদুল ইসলাম)। জহির রায়হান নির্মিত শেষ কাহিনী চিত্র 'জীবন থেকে নেওয়া' (১৯৭০)। 'জীবন থেকে নেওয়া' চলচ্চিত্রে স্বাধীনতা আন্দোলনকে রূপকের মাধ্যমে তুলে ধরা হয়েছে। এই ছবিতে 'আমার সোনার বাংলা' গানটি চিত্রায়িত হয়েছিল, যা পরবর্তীকালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের জাতীয় সঙ্গীত হিসেবে স্বীকৃতি লাভ করে। আবু ইসহাকের 'সূর্য দীঘল বাড়ি' উপন্যাস অবলম্বনে নির্মিত চলচ্চিত্র 'সূর্য দীঘল বাড়ি' (পরিচালক মসিহউদ্দিন শাকের ও শেখ নিয়ামত আলী)।*

**৭. তালিবাবাদ ভূ-উপগ্রহটি নিচের কোন জেলায় অবস্থিত?**

(ক) ঢাকা (খ) গাজীপুর*
(গ) সিলেট (ঘ) রাঙামাটি (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *বাংলাদেশে ৪টি উপগ্রহ ভূ-কেন্দ্র রয়েছে। যথা: বেতবুনিয়া (কাউখালী, রাঙামাটি), তালিবাবাদ (গাজীপুর), মহাখালী (ঢাকা) এবং সিলেট।*

**৮. পেট্রোলিয়াম রপ্তানিকারী দেশগুলোর সংগঠন (OPEC) থেকে সম্প্রতি কোন দেশটি বের হয়ে গেছে?**

(ক) ইরাক (খ) লিবিয়া
(গ) কুয়েত (ঘ) কাতার* (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *১ জানুয়ারি ২০১৯ কাতার এবং ১ ফেব্রুয়ারি ২০২০ ইকুয়েডর ওপেক ত্যাগ করে। বর্তমানে ওপেকে সদস্য সংখ্যা ১৩টি।*

**৯. নিচের কোন দেশটির সাথে বাংলাদেশের কোনো কূটনৈতিক সম্পর্ক নেই?**

(ক) হংকং (খ) মালদ্বীপ
(গ) পাকিস্তান (ঘ) তাইওয়ান* (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *তাইওয়ানের সাথে বাংলাদেশের কূটনৈতিক সম্পর্ক নেই। কিন্তু বাণিজ্যিক সম্পর্ক আছে। অপরদিকে, ইসরাইলের সাথে বাংলাদেশের কূটনৈতিক বা বাণিজ্যিক কোন সম্পর্ক নেই।*

**১০. সুয়েজ খাল কোন দুটি সাগরকে যুক্ত করেছে?**

(ক) লোহিত সাগর ও আরব সাগর
(খ) উত্তর সাগর ও দক্ষিণ সাগর
(গ) লোহিত সাগর ও ভূ-মধ্যসাগর*
(ঘ) বঙ্গোপসাগর ও আরব সাগর
(ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *সুয়েজ খাল ভূমধ্যসাগরকে লোহিত সাগরের সাথে যুক্ত করেছে এবং এশিয়া ও আফ্রিকাকে পৃথক করেছে।*

**১১. বিশ্ব স্বাস্থ্য সংস্থার সদর দপ্তর কোথায় অবস্থিত?**

(ক) প্যারিস (খ) লন্ডন
(গ) ভিয়েনা (ঘ) জেনেভা* (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রতিষ্ঠিত হয় ৭ এপ্রিল ১৯৪৮। এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত। সংস্থাটির বর্তমান মহাপরিচালক তেঁদ্রোস আধানম (ইথিওপিয়া)। ১৭ মে ১৯৭২ বাংলাদেশ বিশ্ব স্বাস্থ্য সংস্থার সদস্যপদ লাভ করে।*

**১২. বাংলাদেশের বৃহত্তম তাপ বিদ্যুৎ কেন্দ্রটি কোথায় অবস্থিত?**

(ক) কাপ্তাই (খ) খুলনা
(গ) ভেড়ামারা* (ঘ) মংলা (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *রাঙামাটি জেলার কাপ্তাই উপজেলায় অবস্থিত কাপ্তাই জলবিদ্যুৎ কেন্দ্র (কর্ণফুলি নদীতে) হলো দেশের একমাত্র জলবিদ্যুৎ কেন্দ্র। বাংলাদেশের সর্ববৃহৎ জাহাজ নির্মাণ ও মেরামত কারখানা খুলনা শিপইয়ার্ড লি. (খুলনা)। বাংলাদেশের বৃহত্তম তাপ বিদ্যুৎ কেন্দ্র হলো ভেড়ামারা তাপ বিদ্যুৎ কেন্দ্র (কুষ্টিয়া)। বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম সমুদ্রবন্দর হলো মংলা সমুদ্রবন্দর (বাগেরহাট, খুলনা)।*

**১৩. বাংলাদেশের অস্ত্র কারখানা কোথায় অবস্থিত?**

(ক) ঢাকা (খ) চট্টগ্রাম
(গ) নারায়ণগঞ্জ (ঘ) গাজীপুর* (ঙ) কোনটিই নয়

www.bdniyog.com

**ব্যাখ্যা:** *বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (বিওএফ) গাজীপুরে অবস্থিত। এটি বাংলাদেশ সেনাবাহিনীর সর্ববৃহৎ সামরিক কারখানা (প্রতিষ্ঠাকাল ১৯৭০)। উল্লেখ্য, বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরিও গাজীপুরে অবস্থিত। এছাড়া বাংলাদেশে ব্যাংকনোট ও সরকারি ডাকটিকিটের প্রধান ছাপাখানা 'দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিমিটেড'-এর সদর দপ্তর গাজীপুরে অবস্থিত (প্রতিষ্ঠাকাল ১৯৮৮)।*

**১৪. ভান্ডারী কোন অঞ্চলের লোকগান?**

(ক) রংপুর (খ) সিলেট
(গ) চট্টগ্রাম* (ঘ) ময়মনসিংহ (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *রংপুর অঞ্চলের গান চটকা, ভাওয়াইয়া ও গাজীর গীত। সিলেট অঞ্চলের গান পালা গান। চট্টগ্রাম অঞ্চলের গান ভাণ্ডারী। ময়মনসিংহ অঞ্চলের গান ভাটিয়ালী ও লেটোস।*

**১৫. বাংলাদেশের পরবর্তী আদমশুমারি কত সালে অনুষ্ঠিত হবে?**

(ক) ২০২০ (খ) ২০২১*
(গ) ২০২২ (ঘ) ২০২৩ (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *অবিভক্ত বাংলায় প্রথম আদমশুমারি হয় ১৮৭২ সালে। স্বাধীন বাংলাদেশে প্রথম আদমশুমারি হয় ১৯৭৪ সালে। সর্বশেষ (৫ম) আদমশুমারি হয় ২০১১ সালে। পরবর্তী (৬ষ্ঠ) আদমশুমারি হবে ২০২১ সালে। আদমশুমারি পরিচালনা করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। আদমশুমারি অনুষ্ঠিত হয় প্রতি ১০ বছর পরপর।*

**১৬. নিচের কোন জেলায় কঠিন শিলা খনি পাওয়া গেছে?**

(ক) নওগাঁ (খ) রংপুর
(গ) দিনাজপুর* (ঘ) গাইবান্ধা (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *রংপুর জেলার বদরগঞ্জ, মিঠাপুকুর এবং দিনাজপুরের পার্বতীপুরের মধ্যপাড়ায় কঠিন শিলা পাওয়া যায়।*

## সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম

**পদের নাম: সহকারি পরিদর্শক**

**তারিখ: ০১.০২.২০১৯**

**১. ১৯৭১ সালের কত তারিখে মুজিবনগরে স্বাধীন বাংলাদেশের অস্থায়ী সরকার গঠিত হয়?**

(ক) ৭ মার্চ ১৯৭১ (খ) ১৬ ডিসেম্বর ১৯৭১
(গ) ১০ এপ্রিল ১৯৭১* (ঘ) ২৬ মার্চ ১৯৭১

**ব্যাখ্যা:** *মুক্তিযুদ্ধকালীন মেহেরপুরের বৈদ্যনাথতলায় (বর্তমান মুজিবনগর) অস্থায়ী সরকার গঠিত হয় ১০ এপ্রিল ১৯৭১। এ সরকার শপথ গ্রহণ করে ১৭ এপ্রিল ১৯৭১।*

**২. বহুল আলোচিত মুহুরীর চর কোন জেলায় অবস্থিত?**

(ক) নোয়াখালী (খ) ফেনী*
(গ) লালমনিরহাট (ঘ) সাতক্ষীরা

**৩. নিম্নের কোন সংস্থাটি ২১ শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দিয়েছে?**

(ক) UNDP (খ) UNESCO*
(গ) UNICEF (ঘ) UNCTAD

**ব্যাখ্যা:** *১৯৯৯ সালের ১৭ নভেম্বর ইউনেস্কোর ৩০তম সম্মেলনে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা দেয়া হয়।*

**৪. 'আইনের চোখে সব নাগরিক সমান' বাংলাদেশের সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে নিশ্চয়তা প্রদান করা হয়েছে?**

(ক) ৭ (খ) ২৭*
(গ) ৩৭ (ঘ) ৪৭

**ব্যাখ্যা:** *বাংলাদেশ সংবিধানের ৭ নং অনুচ্ছেদে 'প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ', ২৭ নং অনুচ্ছেদে 'আইনের দৃষ্টিতে সমতা', ৩৭ নং অনুচ্ছেদে 'সমাবেশের স্বাধীনতা' এবং ৪৭ নং অনুচ্ছেদে 'কতিপয় আইনের হেফাজত' বর্ণিত হয়েছে।*



www.bdniyog.com

www.bdniyog.com

৫. **সামাজিক মূল্যবোধের ভিত্তি কি?**

(ক) আইনের শাসন (খ) নৈতিকতা
(গ) সাম্য (ঘ) উপরের সবগুলো*

৬. **জাতীয় সংসদ ভবনের স্থপতি কে?**

(ক) লুই আই কান* (খ) মৃণাল হক
(গ) হামিদুর রহমান (ঘ) মইনুল হোসেন

**ব্যাখ্যা:** *জাতীয় সংসদের স্থপতি লুই আই কান (যুক্তরাষ্ট্র)। ভিত্তিপ্রস্তর স্থাপন করেন আইয়ুব খান (১৯৬২)। উদ্বোধন করা হয় ২৮ জানুয়ারি, ১৯৮২ (রাষ্ট্রপতি আব্দুস সাত্তার)। সংসদ ভবনটি ২১৫ একর জমির উপর প্রতিষ্ঠিত। জাতীয় সংসদের প্রথম অধিবেশন বসে ১৫ ফেব্রুয়ারি, ১৯৮২। সংসদের মোট আসন সংখ্যা ৩৫০টি।*

৭. **একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন কত তারিখে অনুষ্ঠিত হয়?**

(ক) ২৯ জানুয়ারি ২০১৯ (খ) ৩০ জানুয়ারি ২০১৯*
(গ) ২৮ জানুয়ারি ২০১৯ (ঘ) ২৭ জানুয়ারি ২০১৯

**ব্যাখ্যা:** *একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয় ৩০ ডিসেম্বর ২০১৮। এতে ৩৯টি রাজনৈতিক দল প্রতিদ্বন্দ্বীতা করে। এ নির্বাচনে জিতে টানা তৃতীয়বার এবং মোট চতুর্থবারের মতো জয়লাভ করে বাংলাদেশ আওয়ামী লীগ।*

৮. **'অসমাপ্ত আত্মজীবনী' সর্বশেষ কোন ভাষায় অনুবাদ করা হয়?**

(ঘ) হিন্দি (ক) স্প্যানিশ
(খ) তুর্কী (গ) অসমীয়া

**ব্যাখ্যা:** *'অসমাপ্ত আত্মজীবনী' এ পর্যন্ত ১৩টি ভাষায় অনূদিত হয়েছে। সর্বশেষ অনূদিত হয় ইতালি ভাষায় (অনুবাদক: আন্না কোক্কিয়ারেল্লা)।*

৯. **'বর্ণালী' এবং 'শুভ্র' কি?**

(ক) উন্নতজাতের ভুট্টা* (খ) উন্নতজাতের আম
(গ) উন্নতজাতের গম (ঘ) উন্নতজাতের চাল

**ব্যাখ্যা:** *বর্ণালী ও শুভ্র হলো উন্নতজাতের ভুট্টা।*

১০. **১৯ মে ২০১২ তারিখে কোন বাংলাদেশী এভারেস্ট জয় করেন?**

(ক) নিশাত মজুমদার* (খ) মুসা ইব্রাহিম
(গ) এম এ মুহিত (ঘ) ওয়াসফিয়া

**ব্যাখ্যা:** *এভারেস্ট জয়ী প্রথম বাংলাদেশী নারী নিশাত মজুমদার (১৯ মে ২০১২)। এভারেস্ট জয়ী প্রথম বাংলাদেশী মুসা ইব্রাহিম (২৩ মে ২০১০)। এ পর্যন্ত ৫ জন বাংলাদেশী এভারেস্ট জয় করেছেন। সর্বশেষ মো. খালেদ হোসাইন (২০ মে ২০১৩)।*

১১. **গ্রিনিচ মান সময়ের সঙ্গে বাংলাদেশের সময়ের পার্থক্য কত ঘন্টা?**

(ক) ৬* (খ) ৮
(গ) ১০ (ঘ) ৫

১২. **সুয়েজ খাল কোন দুটি সাগরকে সংযোজিত করে?**

(ক) লোহিত সাগর ও ভূমধ্যসাগর*
(খ) ভুমধ্যসাগর ও আরব সাগর
(গ) ভূমধ্যসাগর ও বঙ্গোপসাগর
(ঘ) লোহিত সাগর ও আরব সাগর

১৩. **TI এর সদর দপ্তর কোথায়?**

(ক) ম্যানিলা (খ) বার্লিন*
(গ) ব্যাংক (ঘ) সিঙ্গাপুর

**ব্যাখ্যা:** *ট্রান্সপ্যারেন্সি ইন্টারন্যাশনাল (TI) বার্লিনভিত্তিক মানবাধিকার সংগঠন। ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর বার্লিন (জার্মানি)। সংস্থাটির প্রতিষ্ঠাতা পিটার ইজেন ()।*

১৪. **AIIB কোন আন্তর্জাতিক প্রতিষ্ঠানের বিকল্প হিসেবে ভূমিকা রাখতে চায়?**

(ক) IMF (খ) UNDP
(গ) WTO (ঘ) WB*

**ব্যাখ্যা:** *Asian Infrastructure Investment Bank (AIIB) প্রতিষ্ঠিত হয় ২৪ অক্টোবর ২০১৪। এর সদর দপ্তর বেইজিং (চীন)। AIIB এশিয়া প্যাসিফিক অঞ্চলে শুধু অবকাঠামো খাতের প্রকল্প বাস্তবায়নে ঋণদান করে থাকে। বাংলাদেশ ২০১৬ সালে AIIB এর সদস্যপদ লাভ করে।*

১৫. **ইউনেস্কোর প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?**

(ক) নিউইয়র্ক (খ) প্যারিস*
(গ) রোম (ঘ) পর

**ব্যাখ্যা:** *১৬ নভেম্বর ১৯৪৫ ইউনেস্কো প্রতিষ্ঠিত হয়। সংস্থাটির বর্তমান মহাপরিচালক অদ্রেঁ আজুলে (ফ্রান্স)। এটি বিশ্ব ঐতিহ্য এলাকা ঘোষণা করে। ইউনেস্কোর প্রধান কার্যালয় ফ্রান্সের প্যারিসে অবস্থিত। সংস্থাটির বর্তমান সদস্য ১৯৩ (সর্বশেষ ফিলিস্তিন)। উল্লেখ্য, ফিলিস্তিন ইস্যুতে অসন্তোষ প্রকাশ করে যুক্তরাষ্ট্র ও ইসরাইল ৩১ ডিসেম্বর ২০১৮ ইউনেস্কো থেকে নিজেদের প্রত্যাহার করে নেয়।*

## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

**পরীক্ষার তারিখ: ১১.০১.২০১৯**

১. **বাংলাদেশ টেস্ট স্ট্যাটাস লাভ করে কবে?**

(ক) ১৯৯৮ (খ) ১৯৯৬
(গ) ১৯৯৭ (ঘ) ২০০০*

**ব্যাখ্যা:** *বাংলাদেশ ক্রিকেটে টেস্ট স্ট্যাটাস পায় ২৬ জুন ২০০০। বাংলাদেশ প্রথম টেস্ট খেলে ভারতের বিপক্ষে (১০ নভেম্বর, ২০০০; ঢাকায়)। উল্লেখ্য, বাংলাদেশ ওয়ানডে স্ট্যাটাস পায় ১৫ জুন ১৯৯৭। বাংলাদেশ প্রথম ওয়ানডে খেলে পাকিস্তানের বিপক্ষে (১৯৮৬ সালে, এশিয়া কাপে)।*

২. **বাংলাদেশের সংবিধানের প্রথম সংশোধনীর উদ্দেশ্য কি ছিল?**

(ক) জরুরি অবস্থা ঘোষণা
(খ) সুপ্রিমকোর্ট প্রতিষ্ঠা
(গ) মহিলাদের জন্য সংসদের আসন সংরক্ষণ
(ঘ) যুদ্ধাপরাধীর বিচার অনুষ্ঠান*

**ব্যাখ্যা:** *বাংলাদেশের সংবিধানের প্রথম সংশোধনী পাস হয় ১৯৭৩ সালে। এর মূল উদ্দেশ্য ছিল যুদ্ধপরাধীসহ অন্যান্য গণবিরোধীদের বিচার নিশ্চিত করা।*

৩. **বাংলাদেশের প্রথম সাইবার সিটি কোনটি?**

(ক) চট্টগ্রাম (খ) সিলেট*
(গ) রাজশাহী (ঘ) খুলনা

**ব্যাখ্যা:** *বাংলাদেশের প্রথম সাইবার সিটি সিলেট। হেলদি সিটি চট্টগ্রাম (১৯৯৫) ও রাজশাহী (২০১৬)। সিল্ক সিটি বা গ্রিন সিটি রাজশাহী। কুয়েত সিটি খুলনা।*

৪. **কোন রাষ্ট্রগুলো দ্বীপের সমষ্টি?**

(ক) মিয়ানমার ও রাশিয়া (খ) ইন্দোনেশিয়া ও মালয়েশিয়া
(গ) জাপান ও ফিলিপাইন* (ঘ) পাকিস্তান ও ইরান

**ব্যাখ্যা:** *পূর্ব এশিয়ার দ্বীপরাষ্ট্র জাপান প্রধান চারটি দ্বীপ নিয়ে জাপান গঠিত। দ্বীপগুলো হলো হনসু, শিকোকু, কিউসু ও হোক্কাইডো। জাপানের রাজধানী টোকিও হনসু দ্বীপে অবস্থিত। অন্যদিকে, দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশ ফিলিপাইন প্রধান ৩টি দ্বীপের সমন্বয়ে গঠিত- লুজন, মিন্দানাও এবং ভিসায়াস। ফিলিপাইনের রাজধানী ম্যানিলা লুজন দ্বীপে অবস্থিত। জনসংখ্যা ও আয়তনে বিশ্বের বৃহত্তম দ্বীপরাষ্ট্র ইন্দোনেশিয়া। ইন্দোনেশিয়ার প্রধান দ্বীপগুলোর মধ্যে রয়েছে- বোর্নিও (কালিমান্তান), সুমাত্রা, জাভা, সুলাওসি, বালি, নিউগিনি প্রভৃতি।*

৫. **দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয় কবে?**

(ক) ১৯৩৫ (খ) ১৯৩৯*
(গ) ১৯৪৫ (ঘ) ১৯২৯

**ব্যাখ্যা:** *১৯৩৯ সালের ১ সেপ্টেম্বর হিটলার পোল্যান্ড আক্রমণ করলে জার্মানির প্রতি তোষণ নীতি ত্যাগ করে ইংল্যান্ড ও ফ্রান্স জার্মানির বিরুদ্ধে ১৯৩৯ সালের ৩ সেপ্টেম্বর যুদ্ধ ঘোষণা করার মধ্য দিয়ে দ্বিতীয় বিশ্বযুদ্ধ আরম্ভ হয় ১৯৩৯ থেকে ১৯৪৫ সাল পর্যন্ত একটানা ৬ বছর ধরে এশিয়া, আফ্রিকা ও ইউরোপের দেশগুলোতে এই ভয়ঙ্কর যুদ্ধ চলে মিত্রশক্তির কাছে জাপান আত্মসমর্পণ করলে এ যুদ্ধের অবসান ঘটে।*



www.bdniyog.com

www.bdniyog.com

৬. **২০২২ সালের ফিফা বিশ্বকাপ হবে-**

(ক) দুবাই (খ) আবুধাবি
(গ) রিয়াদ (ঘ) দোহা*

**ব্যাখ্যা:** *২০২২ সালে ফিফা বিশ্বকাপ এর ২২তম আসর আরব আমিরাতের দেশ কাতারে অনুষ্ঠিত হবে। এটিই মুসলিম দেশে অনুষ্ঠিতব্য প্রথম বিশ্বকাপ। উল্লেখ্য, ফিফা বিশ্বকাপের ২৩তম আসর বসবে কানাডা, মেক্সিকো ও যুক্তরাষ্ট্রে।*

৭. **পৃথিবীর সর্বাধিক জনবহুল দেশ কোনটি?**

(ক) ভারত (খ) রাশিয়া
(গ) চীন* (ঘ) যুক্তরাজ্য

**ব্যাখ্যা:** *জনসংখ্যায় বিশ্বের বৃহত্তম দেশ চীন। আয়তনে বিশ্বের বৃহত্তম দেশ রাশিয়া (দ্বিতীয় কানাডা)। জনসংখ্যায় দক্ষিণ এশিয়ায় বৃহত্তম দেশ ভারত।*

৮. **মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে কয়টি সেক্টরে বিভক্ত করা হয়?**

(ক) ৭ (খ) ১০
(গ) ১১* (ঘ) ১৪

**ব্যাখ্যা:** *মুক্তিযুদ্ধের সময় সমগ্র বাংলাদেশকে ১১টি সেক্টরে এবং ৬৪টি সাব সেক্টরে ভাগ করা হয়। ১১টি সেক্টরে মোট ১৭ জন সেক্টর কমান্ডার দায়িত্ব পালন করেন। উল্লেখ্য, ১০ নং সেক্টরে কোনো নিয়মিত সেক্টর কমান্ডার ছিল না। এছাড়া ব্রিগেড আঁকারে ৩টি ফোর্স (এস ফোর্স, কে ফোর্স এবং জেড ফোর্স) গঠিত হয়।*

## স্বাস্থ্য মন্ত্রণালয়

**পদের নাম: অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর**

**পরীক্ষার তারিখ: ১১.০১.২০১৯**

১. **আন্তর্জাতিক নারী দিবস কবে?**

(ক) ৮ মার্চ* (খ) ৮ এপ্রিল
(গ) ৮ মে (ঘ) ৮ জুন

**ব্যাখ্যা:** *৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়। ১৯১০ সালে জার্মান সমাজতান্ত্রিক নেত্রী ক্লারা জেটকিনের নেতৃত্বে ডেনমার্কের কোপেনহেগেনে অনুষ্ঠিত হয় আন্তর্জাতিক সমাজতান্ত্রিক নারী সম্মেলন। এ সম্মেলনে প্রথম ৮ মার্চকে আন্তর্জাতিক নারী দিবস হিসেবে পালন করার প্রস্তাব দেন ক্লারা জেটকিন। এরপর ১৯৭৫ সালে জাতিসংঘ ৮ মার্চকে আন্তর্জাতিক নারী দিবস হিসেবে স্বীকৃতি দেয়।*

২. **কোন কোন দেশের সাথে বাংলাদেশের সীমান্ত আছে?**

(ক) ভারত ও মায়ানমার* (খ) ভারত ও ভুটান
(গ) ভারত ও পাকিস্তান (ঘ) ভারত ও নেপাল

**ব্যাখ্যা:** *বাংলাদেশের সাথে দুটি দেশের সীমান্ত রয়েছে। যথা: ভারত ও মিয়ানমার।*

৩. **শহীদ বুদ্ধিজীবি দিবস কবে?**

(ক) ২১ জানুয়ারি (খ) ১৪ ডিসেম্বর*
(গ) ১০ জানুয়ারি (ঘ) ৭ মার্চ

**ব্যাখ্যা:** *শহীদ বুদ্ধিজীবী দিবস ১৪ ডিসেম্বর। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস ১০ জানুয়ারি। বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণ দিবস ৭ মার্চ।*

৪. **হাতির ঝিলের নকশা পরিকল্পনাকারী-**

(ক) মৃণাল হক (খ) এহছান খান*
(গ) মইনুল হক (ঘ) রাশা

**ব্যাখ্যা:** *হাতির ঝিলের নকশা পরিকল্পনাকারী এহছান খান। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে 'গোল্ডেন জুবিলী টাওয়ার' এবং রাজারবাগ পুলিশ লাইনে 'দুর্জয়' ভাস্কর্যের স্থপতি মৃণাক হক। ঢাকার সাভারে 'জাতীয় স্মৃতিসৌধ' এর স্থপতি মঈনুল হোসেন। এর স্থপতি রাশা।*

৫. **'নয় কুড়ি কান্দার ছয় কুড়ি বিল' নামে পরিচিত কোনটি?**

(ক) হাকালুকি হাওড় (খ) টাঙ্গুয়ার হাওড়*
(গ) চলন বিল (ঘ) শনির হাওড়

**ব্যাখ্যা:** *হাকালুকি হাওর (মৌলভীবাজার) বাংলাদেশের বৃহত্তম হাওর। টাঙ্গুয়ার হাওর সুনামগঞ্জে অবস্থিত। চলন বিল নাটোরে অবস্থিত। শনির হাওর সুনামগঞ্জে অবস্থিত।*

৬. **স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রথম স্থাপন করা হয়?**

(ক) মেহেরপুর, কুষ্টিয়া (খ) কালুরঘাট, চট্টগ্রাম*
(গ) মুজিবনগর, কুষ্টিয়া (ঘ) নাটোর, রাজশাহী

**ব্যাখ্যা:** *স্বাধীন বাংলা বেতার কেন্দ্র স্থাপন করা হয় চট্টগ্রামের কালুরঘাটে (২৬ মার্চ, ১৯৭১)। ২৭ মার্চ স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে শেখ মুজিবুর রহমানের পক্ষে স্বাধীনতার ঘোষণা করেন তৎকালীন মেজর জিয়াউর রহমান। ৩০ মার্চ, ১৯৭১ স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের সম্প্রচার বন্ধ হয়ে যায়।*

৭. **'ওয়ান গালা' উৎসব কাদের?**

(ক) গারো* (খ) চাকমা
(গ) মারমা (ঘ) সাঁওতাল

**ব্যাখ্যা:** *গারোরা ওয়ানগালা, চাকমারা বিজু, মারমারা সাংগ্রাই এবং সাঁওতালরা সোহরাই উৎসব পালন করে।*

৮. **জোয়ার ভাটা হয় না কোন নদীতে?**

(ক) গোমতী* (খ) পদ্মা
(গ) মেঘনা (ঘ) যমুনা

**ব্যাখ্যা:** *কুমিল্লার গোমতী নদীতে জোয়ার-ভাটা হয় না। নদীটিকে কুমিল্লার দুঃখ বলা হয়। পদ্মা নদীর অপর নাম কীর্তিনাশা। বাংলাদেশের প্রশস্ততম, দীর্ঘতম, গভীরতম, নাব্য এবং বৃহত্তম নদী মেঘনা। যমুনা নদীর পূর্বনাম জোনাই; এটি পদ্মায় পতিত হয়েছে।*

৯. **বিশ্ব স্বাস্থ্য সংস্থা বাংলাদেশের কোন নগরীকে হেলথ সিটি ঘোষণা করেছে?**

(ক) ঢাকা (খ) রাজশাহী
(গ) চট্টগ্রাম* (ঘ) খুলনা

**ব্যাখ্যা:** *বিশ্ব স্বাস্থ্য সংস্থা ১৯৯৫ সালে চট্টগ্রামকে হেলদি সিটি ঘোষণা করে। রাজশাহীকে বলা হয় সিল্ক সিটি বা গ্রিন সিটি। খুলনাকে বলা হয় কুয়েত সিটি। ঢাকাকে বলা হয় মসজিদের শহর।*

১০. **বাংলাদেশ পরিবার পরিকল্পনা কর্মসূচি গ্রহণ করে?**

(ক) ১৯৯২ (খ) ১৯৭৪
(গ) ১৯৭৬* (ঘ) ১৯৮৩

১১. **সংবিধান নাগরিকদের মৌলিক অধিকার নিশ্চিত করার দায়িত্ব দিয়েছেন কাকে?**

(ক) জাতীয় সংসদকে (খ) রাষ্ট্রপতিকে
(গ) প্রধানমন্ত্রীকে (ঘ) হাইকোর্টকে*

**ব্যাখ্যা:** *বাংলাদেশের সংবিধানের তৃতীয় ভাগে মৌলিক অধিকার বর্ণিত হয়েছে। সংবিধান অনুসারে প্রত্যেক বাংলাদেশীর মৌলিক অধিকার ১৮টি। সংবিধানের চতুর্থ পরিচ্ছেদের ১০২ অনুচ্ছেদ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগকে মৌলিক অধিকার বলবৎ করার এখতিয়ার দিয়েছে।*

১২. **একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে বাংলাদেশের বর্তমান অবস্থান কত?**

(ক) অষ্টম (খ) নবম
(গ) সপ্তম* (ঘ) দশম

**ব্যাখ্যা:** *বর্তমানে ওয়ানডে র‍্যাংকিংয়ে শীর্ষ দেশ ইংল্যান্ড (বাংলাদেশ ৭ম)। টেস্ট র‍্যাংকিংয়ে শীর্ষ দেশ ভারত (বাংলাদেশ ৯ম)। টি-২০ র‍্যাংকিংয়ে শীর্ষ দেশ পাকিস্তান (বাংলাদেশ ৯ম)।*

১৩. **বাংলাদেশের বৃহত্তম স্থল বন্দর নিচের কোনটি?**

(ক) বুড়িমারী (খ) জাফলং
(গ) সোনা মসজিদ (ঘ) বেনাপোল*

**ব্যাখ্যা:** *বুড়িমারী স্থলবন্দর লালমনিরহাট জেলায় অবস্থিত। বেনাপোল স্থলবন্দর যশোরের শার্শা উপজেলায় অবস্থিত। বেনাপোল স্থলবন্দর সংলগ্ন ভারতীয় স্থলবন্দর 'পেট্রোপোল'। সোনা মসজিদ স্থলবন্দর চাঁপাইনবাবগঞ্জে অবস্থিত। জাফলং সিলেটের গোয়াইনঘাট উপজেলার অন্তর্গত একটি পর্যটনস্থল। এর অপর পাশে ভারতের 'ডাউকি' অঞ্চল। জাফলংকে 'প্রকৃতির কন্যা' বলা হয়।*



www.bdniyog.com

www.bdniyog.com

## ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি

**পদের নাম: জুনিয়র অ্যাসিসটেন্ট ম্যানেজার**

**পরীক্ষার তারিখ: ২২.০৩.২০১৯**

১. **Schengen চুক্তি হচ্ছে**

(ক) বাণিজ্য চুক্তি (খ) অবাধ চলাচল সংক্রান্ত চুক্তি*
(গ) কর হ্রাস করা চুক্তি (ঘ) অস্ত্রবিরতি চুক্তি (ঙ) কোনটিই নয়

***ব্যাখ্যা:*** *ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলোতে ভিসামুক্ত চলাচলের জন্য ১৯৮৫ সালে লুক্সেমবার্গের শেনজেনে চুক্তিটি স্বাক্ষরিত হয় (কার্যকর হয় ১৯৯৫ সালে)। বর্তমানে শেনজেন চুক্তিতে স্বাক্ষরকারী দেশ ২৬টি।*

২. **রাঙ্গামাটি পূর্বনাম কি ছিল?**

(ক) ভুলুয়া (খ) হরিকেল
(গ) খলিফাবাদ (ঘ) সমতট (ঙ) কোনটিই নয়*

***ব্যাখ্যা:*** *রাঙ্গামাটির পূর্বনাম ছিলো কার্পাস মহল। প্রাচীন চন্দ্রদ্বীপ হরিকেল খলিফাবাদ সমতট জনপদ বর্তমান বরিশাল সিলেট ও কুমিল্লা ও চট্টগ্রামের নোয়াখালী অংশ বিশেষ।*

৩. **কত তারিখে বাংলাদেশে কৃষি দিবস উদযাপিত হয়?**

(ক) পহেলা ফাল্গুন (খ) পহেলা চৈত্র
(গ) পহেলা জৈষ্ঠ্য (ঘ) পহেলা অগ্রাহায়ণ* (ঙ) কোনটিই নয়

৪. **২০১৮ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন কে?**

(ক) William D. Nordhaus (খ) Paul M. Romer
(গ) Denis Mukwege (ঘ) A&C
(ঙ) কোনটিই নয়

***ব্যাখ্যা:*** *২০১৯ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন অভিজিৎ ব্যানার্জি (ভারত), এস্থার ডুফলো (ফ্রান্স) এবং মাইকেল ক্রেমার (যুক্তরাষ্ট্র)। বৈশ্বিক দারিদ্র্য দূরীকরণে পরীক্ষামূলক গবেষণার জন্য তারা এই পুরস্কার পান।*

৫. **সুইজারল্যান্ড এর কেন্দ্রীয় ব্যাংকের নাম কি?**

(ক) ব্যাংক অব সুইজারল্যান্ড
(খ) সেন্ট্রাল ব্যাংক অব সুইজারল্যান্ড
(গ) রিজার্ভ ব্যাংক অব সুইজাল্যান্ড
(ঘ) সুইস ন্যাশনাল ব্যাংক*
(ঙ) কোনটিই নয়

৬. **বাংলাদেশের সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদ কোন অর্থবছরে শেষ হবে?**

(ক) ২০১৮-১৯ (খ) ২০১৯-২০
(গ) ২০২০-২১* (ঘ) ২০২১-২২ (ঙ) কোনটিই নয়

***ব্যাখ্যা:*** *বাংলাদেশের সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদ ২০১৬-২০ পর্যন্ত। কিন্তু এই পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদ ২০২০ এর জুলাই মাস পর্যন্ত কার্যকর থাকবে বলে এটি ২০২০-২১ অর্থ বছরকে স্পর্শ করবে।*

৭. **'ধর্মীয় স্বাধীনতা' বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে বর্ণিত হয়েছে?**

(ক) ৩৮ নং (খ) ৩৯ নং
(গ) ৪১ নং* (ঘ) ৪৩ নং (ঙ) কোনটিই নয়

৮. **বাংলাদেশের সংবিধান নাগরিকদের মৌলিক অধিকার নিশ্চিত করার দায়িত্ব দিয়েছে কাকে?**

(ক) হাইকোর্টকে* (খ) সুপ্রীম কোর্টকে
(গ) জাতীয় সংসদকে (ঘ) আইন মন্ত্রণালয়কে (ঙ) কোনটিই নয়

***ব্যাখ্যা:*** *বাংলাদেশের সংবিধানের তৃতীয় ভাগে মৌলিক অধিকার বর্ণিত হয়েছে। সংবিধানের ২৬ থেকে ৪৭(ক) অনুচ্ছেদগুলো মৌলিক অধিকার সংশ্লিষ্ট।*

৯. **আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র কবে জারি করা হয়?**

(ক) ১০ এপ্রিল ১৯৭১* (খ) ১৭ এপ্রিল ১৯৭১
(গ) ৭ মার্চ ১৯৭১ (ঘ) ২৬ মার্চ ১৯৭১ (ঙ) কোনটিই নয়

১০. **'দ্যা লিবারেশন অব বাংলাদেশ' গ্রন্থের রচয়িতা কে?**

(ক) মেজর জেনারেল রফিকুল ইসলাম
(খ) কর্ণেল রশিদ কবির
(গ) মেজর জেনারেল শুখওয়ান্ত সিং*
(ঘ) কর্ণেল সিদ্দিক মালিক
(ঙ) কোনটিই নয়

১১. **মুক্তিযুদ্ধকালে ওয়াশিংটনে বাংলাদেশ মিশন খোলা হয় কার অধীনে?**

(ক) বিচারপতি আবু সাইদ চৌধুরী
(খ) বিচারপতি এ এস এম সায়েম
(গ) এম আর সিদ্দিকী*
(ঘ) রবিশঙ্কর ঘোষ
(ঙ) কোনটিই নয়

***ব্যাখ্যা:*** *যে মিশন যার অধীনে- যুক্তরাজ্য (বিচারপতি আবু সাইদ চৌধুরী), যুক্তরাষ্ট্র ও কানাডা (এম আর সিদ্দিকী), কলকাতা (এম হোসেন আলী) এবং দিল্লী (হুমায়ুন রশিদ চৌধুরী)।*

১২. **বাংলাদেশের জাতীয় সঙ্গীতে কোন বিষয়টি প্রধানভাবে আছে?**

(ক) বাংলার প্রকৃতির কথা* (খ) বাংলার মানুষের কথা
(গ) বাংলার ইতিহাসের কথা (ঘ) বাংলার সংস্কৃতির কথা
(ঙ) কোনটিই নয়

***ব্যাখ্যা:*** *৩ মার্চ ১৯৭১ আমার সোনার বাংলা (প্রথম ১০ চরণ) জাতীয় সঙ্গীত হিসেবে গৃহীত হয় (স্বাধীনতার ঘোষণাপত্রে)। জাতীয় সংগীতের ইংরেজি অনুবাদক সৈয়দ আলী আহসান। ১৯০৫ সালে (১৩১২ বঙ্গাব্দ) সর্বপ্রথম 'বঙ্গদর্শন' পত্রিকায় জাতীয় সঙ্গীত প্রকাশিত হয়। কোনো রাষ্ট্রীয় অনুষ্ঠানে জাতীয় সঙ্গীতের প্রথম ৪ চরণ বাজানো হয়।*

১৩. **বাংলাদেশের বৃহত্তম রেল জংশন কোনটি?**

(ক) কমলাপুর রেল জংশন (খ) পার্বতীপুর রেল জংশন
(গ) আখাউড়া রেল জংশন (ঘ) ঈশ্বরদী রেল জংশন*
(ঙ) কোনটিই নয়

***ব্যাখ্যা:*** *ঈশ্বরদী রেল জংশন পাবনা জেলার ঈশ্বরদীতে অবস্থিত। এটি পাকশী হার্ডিঞ্জ ব্রিজের ওপর নির্মিত। ব্রিটিশ আমলে নির্মিত এই জংশনটি দেশের প্রাচীনতম ও বৃহত্তম রেল জংশন।*

১৪. **বেসরকারি খাতে দেশে স্থাপিত প্রথম বার্জমাউন্টেড বিদ্যুৎ কেন্দ্র কোনটি?**

(ক) ঢাকা বার্জমাউন্টেড (খ) খুলনা বার্জমাউন্টেড*
(গ) পাবনা বার্জমাউন্টেড (ঘ) বরিশাল বার্জমাউন্টেড
(ঙ) কোনটিই নয়

***ব্যাখ্যা:*** *দেশের প্রথম বার্জ মাউন্টেড বিদ্যুৎকেন্দ্র (বার্জের ওপর স্থাপিত ভাসমান বিদ্যুৎকেন্দ্র) খুলনা বার্জ মাউন্টেড বিদ্যুৎকেন্দ্র। এর উৎপাদন ক্ষমতা ১১০ মেগাওয়াট।*

## ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি

**পদের নাম: অ্যাসিস্টেন্ট কম্পেলেইন সুপারভাইজার**

**পরীক্ষার তারিখ: ২২.০৩.২০১৯**

১. **বিশ্বের কোন শহরটি 'নিষিদ্ধ শহর' নামে পরিচিত?**

(ক) লাসা* (খ) উলানবাটোর
(গ) পিয়াং ইয়াং (ঘ) কাবুল (ঙ) কোনোটিই নয়

***ব্যাখ্যা:*** *তিব্বতের রাজধানী লাসা তীব্বতে দীর্ঘদিন মানুষের প্রবেশাধিকার না থাকা, দুর্গম পরিবেশ, লামাদের কঠোরতা ও পর্যটক নিষিদ্ধের কারণে বাইরের পৃথিবীতে তিব্বত পুরোপুরি এক বিচ্ছিন্ন জগৎ। ১৯১২ সালে ত্রয়োদশ দালাইলামা কর্তৃক প্রতিষ্ঠিত গণচীনের একটি স্বশাসিত অঞ্চল তিব্বত।*

২. **Green Peace এর সদর দপ্তর কোথায় অবস্থিত?**

(ক) আমস্টারডাম* (খ) প্যারিস



www.bdniyog.com

(গ) জেনেভা (ঘ) রোম (ঙ) কোনোটিই নয়

**ব্যাখ্যা:** *Green Peace হলো একটি বেসরকারি আন্তর্জাতিক পরিবেশবাদী সংস্থা। বিশ্বের ৪০টি দেশে এর শাখা রয়েছে যা নেদারল্যান্ডের আমস্টারডাম থেকে পরিচালিত হয়। এই সংস্থাটির মূল উদ্দেশ্য পৃথিবীর সব ধরনের জীব বৈচিত্র্যের প্রতি পালনের জন্য প্রাকৃতিক পরিবেশ নিশ্চিত করা।*

**৩. বিশ্ব ডাক সংস্থার সদর দপ্তর কোন দেশে অবস্থিত?**

(ক) আমেরিকা (খ) ইংল্যান্ড
(গ) সুইজারল্যান্ড* (ঘ) ফ্রান্স (ঙ) কোনোটিই নয়

**ব্যাখ্যা:** *বাংলাদেশ ১৯৭৩ সালে ৭ ফেব্রুয়ারি বিশ্ব ডাক সংস্থার সদস্যপদ লাভ করে।*

**৪. রাশিয়া কত সালে স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে?**

(ক) ১৯৭২* (খ) ১৯৭৩
(গ) ১৯৭৪ (ঘ) ১৯৭৬ (ঙ) কোনোটিই নয়

**ব্যাখ্যা:** *সাবেক সোভিয়েত ইউনিয়ন তথা রাশিয়া বাংলাদেশকে ১৯৭২ সালের ২৬ জানুয়ারি স্বীকৃতি দেয়।*

**৫. বাংলাদেশের সংবিধানে রাষ্ট্র পরিচালনার মূলনীতি কয়টি?**

(ক) ২টি (খ) ৩টি
(গ) ৪টি* (ঘ) ৫টি (ঙ) কোনোটিই নয়

**ব্যাখ্যা:** *বাংলাদেশের সংবিধানে রাষ্ট্র পরিচালনার মূলনীতি ৪টি- জাতীয়তাবাদ, গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা এবং সমাজতন্ত্র।*

**৬. কোন জেলাকে হিমালয়ের কন্যা বলা হয়?**

(ক) কুয়াকাটা (খ) চাঁপাইনবাবগঞ্জ
(গ) পঞ্চগড়* (ঘ) ভোলা (ঙ) কোনোটিই নয়

**ব্যাখ্যা:** *ভৌগোলিক অবস্থানের কারণে পঞ্চগড়কে 'হিমালয়ের কন্যা' বলা হয়। উল্লেখ্য, কুয়াকাটা হলো 'সাগরকন্যা' বা 'সূর্যকন্যা'। বান্দরবান হলো 'পাহাড়ী কন্যা'।*

**৭. নিচের কোন দেশটি জি-৭ (G-7) এর সদস্য নয়?**

(ক) ইতালি (খ) জার্মানি
(গ) রাশিয়া* (ঘ) ফ্রান্স (ঙ) কোনোটিই নয়

**ব্যাখ্যা:** *কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, যুক্তরাজ্য এবং যুক্তরাষ্ট্র এই ৭টি দেশ হলো (G-7) এর সদস্য।*

**৮. International Maritime Organization (IMO) এর সদর দপ্তর কোথায় অবস্থিত?**

(ক) মুম্বাই (খ) প্যারিস
(গ) ভিয়েনা (ঘ) লন্ডন* (ঙ) কোনোটিই নয়

**ব্যাখ্যা:** *বিশ্বব্যাপী নিরাপদে সমুদ্রে চলাচল এবং নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ১৯৪৮ সালের ১৭ মার্চ IMO গঠন করা হয়।*

**৯. ভিয়েতনাম ও যুক্তরাষ্ট্রের মধ্যকার দ্বন্দ্ব নিরসনে কোন চুক্তি স্বাক্ষরিত হয়েছিল?**

(ক) ক্যাম্প ডেভিড চুক্তি (খ) সল্ট-২
(গ) প্যারিস শান্তি চুক্তি* (ঘ) ডেটন চুক্তি (ঙ) কোনোটিই নয়

**ব্যাখ্যা:** *মধ্যপ্রাচ্যে শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে সাবেক মার্কিন প্রেসিডেন্ট জিমি কার্টারের মধ্যস্থতায় ক্যাম্পিডেভিড চুক্তি (১৯৭৮) স্বাক্ষরিত হয়। নতুন ক্ষেপণাস্ত্র কার্যক্রম নিষিদ্ধ করার লক্ষ্যে মার্কিন প্রেসিডেন্ট জিমি কার্টার ও তৎকালীন সোভিয়েত নেতা নিউনিদ ব্রেঝনেভ সল্ট-২ চুক্তি (১৯৭৯) চুক্তিতে স্বাক্ষর করেন। প্যারিস শান্তি চুক্তি (১৭৮৩) স্বাক্ষরের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে আমেরিকার স্বাধীনতা যুদ্ধের পরিসমাপ্তি ঘটে। বসনিয়া সংকট নিরসনের লক্ষ্য সাবেক মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটনের মধ্যস্থতায় ডেটন চুক্তি (১৯৯৫) স্বাক্ষরিত হয়।*

**১০. সংসদ কর্তৃক প্রেরিত বিলে রাষ্ট্রপতি কতদিনের মধ্যে সম্মতি দিবেন অথবা সংসদের বিবেচনার জন্য পাঠাবেন?**

(ক) ১৫* (খ) ২০
(গ) ২৫ (ঘ) ১০ (ঙ) কোনোটিই নয়

**ব্যাখ্যা:** *সংসদ কর্তৃক প্রেরিত বিলে রাষ্ট্রপতি ১৫ দিনের মধ্যে সম্মতি দিবেন। তবে কোনো বিল পুনর্বিবেচনার জন্য রাষ্ট্রপতি সেটি জাতীয় সংসদে ফেরত দিলে ৭ দিনের মধ্যে বিলটি সংসদে পাস করতে হবে। উল্লেখ্য, অর্থবিলে সম্মতি দানে রাষ্ট্রপতি বিলম্ব করতে পারে না।*

www.bdniyog.com

**১১. কোন উৎস থেকে বাংলাদেশ সরকারের সর্বোচ্চ রাজস্ব আয় হয়?**

(ক) আয়কর (খ) আমদানি ও রপ্তানি শুল্ক
(গ) ভূমি রাজস্ব (ঘ) মূল্য সংযোজন শুল্ক*
(ঙ) কোনোটিই নয়

**ব্যাখ্যা:** *বাংলাদেশে মূল্য সংযোজন কর (মূসক) বা VAT চালু হয় ১৯৯১ সালের ১ জুলাই। মূসক ব্যবস্থায় মূলত ৩টি কর আদায় করা হয়- মূসক, সম্পূরক শুল্ক ও টার্নওভার কর। বর্তমানে ১৫ শতাংশ হারে মূসক বা ভ্যাট দিতে হয়।*

**১২. কোন দ্বীপটি পলিনেশিয়ার অন্তর্ভুক্ত?**

(ক) পালাউ (খ) সামোয়া*
(গ) কিরিবাতি (ঘ) নাউরু (ঙ) কোনোটিই নয়

**ব্যাখ্যা:** *সামোয়া দ্বীপটি পলিনেশিয়ায় অবস্থিত। পালাউ, কিরিবাতি ও নাউরু দ্বীপ মাইক্রোনেশিয়ায় অবস্থিত।*

**১৩. বাংলাদেশের প্রথম বাণিজ্য জাহাজের নাম কি?**

(ক) জীবনতরী (খ) পদ্মার দূত
(গ) বাংলার দূত* (ঘ) বাংলার বাণী (ঙ) কোনোটিই নয়

**ব্যাখ্যা:** *বাংলাদেশের প্রথম বাণিজ্য জাহাজ 'বাংলার দূত'। স্বাধীনতার পর বাংলাদেশ শিপিং কর্পোরেশনের প্রতিষ্ঠার পরপরই ১৯৭২ সালে 'বাংলার দূত' এবং ১৯৭৩ সালে 'বাংলার সম্পদ' নামের দুটো সমুদ্রগামী জাহাজ বিএসসিতে সংযোজিত হয়।*

**১৪. দেশে প্রথম গ্যাস চালিত বিদ্যুৎ কেন্দ্র কোনটি?**

(ক) সুরমা বিদ্যুৎ কেন্দ্র
(খ) সিলেটের হরিপুর বিদ্যুৎ কেন্দ্র*
(গ) দিনাজপুরের বড় পুকুরিয়া বিদ্যুৎ কেন্দ্র
(ঘ) মেঘনাঘাট বিদ্যুৎ কেন্দ্র
(ঙ) কোনোটিই নয়

**ব্যাখ্যা:** *দেশের প্রথম গ্যাস চালিত বিদ্যুৎ কেন্দ্র সিলেটের হরিপুর বিদ্যুৎ কেন্দ্র। দেশের প্রথম কয়লা চালিত বিদ্যুৎ কেন্দ্র দিনাজপুরের বড় পুকুরিয়া। দেশের বৃহত্তম বেসরকারি বিদ্যুৎ কেন্দ্র মেঘনাঘাট বিদ্যুৎ কেন্দ্র।*

**১৫. কোন নারী মুক্তিযোদ্ধা সর্বপ্রথম বীর প্রতীক খেতাব পান?**

(ক) মোছাম্মৎ তারামন বিবি (খ) ক্যাপ্টেন সেতারা বেগম*
(গ) পাইলট ফারিয়া রারা (ঘ) জাহানারা ইমাম
(ঙ) কোনোটিই নয়

**ব্যাখ্যা:** *বীর প্রতীক খেতাবপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধা দুই জন। এরা হলেন ক্যাপ্টেন সেতারা বেগম এবং তারামন বিবি। এই দুইজনের মধ্যে ক্যাপ্টেন সেতারা বেগমকে আগে খেতাব প্রদান করা হয়। উল্লেখ্য, সেতারা বেগম ২নং সেক্টর এবং তারামন বিবি ১১নং সেক্টরে যুদ্ধ করেন।*

**১৬. ভারতবর্ষে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে?**

(ক) বাবর* (খ) আকবর
(গ) সেলিম (ঘ) শেরশাহ (ঙ) কোনোটিই নয়

**ব্যাখ্যা:** *১৫২৬ সালে পানিপথের প্রথম যুদ্ধে ইব্রাহীম লোদীকে পরাজিত করে জহিরুদ্দিন মুহাম্মদ বাবর ভারতবর্ষে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা করেন।*

**১৭. নিচের কোন দেশটির স্থায়ী সেনাবাহিনী নেই?**

(ক) নিকারাগুয়া (খ) এল সালভাদর*
(গ) কোস্টারিকা (ঘ) কলম্বিয়া (ঙ) কোনোটিই নয়


www.bdniyog.com

www.bdniyog.com

## আরো দেখুন

প্রতিদিনের চাকুরীর সার্কুলার পেতে এখানে ক্লিক করুন

প্রতি মাসের কারেন্ট অ্যাফেয়ার্স পিডিএফ এখানে ক্লিক করুন

চাকুরীর প্রয়োজনীয় সকল পিডিএফ বই এখানে ক্লিক করুন

বিসিএস এর প্রয়োজনীয় পিডিএফ বই এখানে ক্লিক করুন

প্রতি সপ্তাহের চাকুরী পত্রিকা ডাউনলোড এখানে ক্লিক করুন

সকল নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান এখানে ক্লিক করুন

**বিডিনিয়োগ.কম দেশের সেরা পিডিএফ কালেকশন**

SSC এর প্রয়োজনীয় সকল পিডিএফ বই এখানে ক্লিক করুন

HSC এর প্রয়োজনীয় সকল পিডিএফ বই এখানে ক্লিক করুন

বিশ্ববিদ্যালয় ভর্তির সকল পিডিএফ বই এখানে ক্লিক করুন

সকল ধরনের সাজেশন ডাউনলোড এখানে ক্লিক করুন

ORIGINAL
BDNIYOG.COM
COPYRIGHT

www.bdniyog.com

## দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

**পদের নাম: বিভাগীয় সহকারি**

**পরীক্ষার তারিখ: ২৬.০৪.২০১৯**

১. **পৃথিবীর নিকটতম গ্রহ কোনটি?**
(ক) শুক্র* (খ) বুধ
(গ) মঙ্গল (ঘ) বৃহস্পতি
**ব্যাখ্যা:** *পৃথিবীর নিকটতম গ্রহ শুক্র। সূর্যের নিকটতম গ্রহ বুধ। সৌরজগতের সবচেয়ে বড় গ্রহ বৃহস্পতি। সৌরজগতের সবচেয়ে ছোট গ্রহ বুধ।*

২. **বাংলাদেশের জাতীয় পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত -**
(ক) ৫ : ৩* (খ) ৩ : ২
(গ) ৪ : ২.৫ (ঘ) ১০ : ৭

৩. **মুঘল স্থাপত্য কোনটি?**
(ক) বর্ধমান হাউস (খ) লালবাগ কেল্লা*
(গ) আহসান মঞ্জিল (ঘ) বড় কাটরা
**ব্যাখ্যা:** *সম্রাট আওরঙ্গজেবের পুত্র শাহজাদা মোহাম্মদ আজম শাহ ১৬৭৮ সালে লালবাগ কেল্লার নির্মাণ কাজ শুরু করেন এবং শায়েস্তা খান তা সমাপ্ত করেন। মুঘল আমলে নির্মিত ভারতের স্থাপত্যগুলো হলো ময়ূর সিংহাসন (আগ্রা, দিল্লি), আগ্রার জামে মসজিদ (আগ্রা, দিল্লি), দেওয়ান-ই-খাস (দিল্লি)।*

৪. **কোন দেশ বাংলাকে দ্বিতীয় রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে?**
(ক) লাইবেরিয়া (খ) পূর্ব তিমুর
(গ) সিয়েরা লিওন* (ঘ) কঙ্গো

৫. **সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র কোথায় অবস্থিত?**
(ক) নয়াদিল্লি* (খ) কলম্বো
(গ) ঢাকা (ঘ) কাঠমুণ্ডু
**ব্যাখ্যা:** ***সার্কের আঞ্চলিক কেন্দ্র, সদর দপ্তর ও প্রতিষ্ঠার সাল-** সার্ক কৃষি কেন্দ্র (ঢাকা, ১৯৮৮), সার্ক যক্ষা ও এইডস কেন্দ্র (কাঠমান্ডু, ১৯৯২), সার্ক জ্বালানি কেন্দ্র (ইসলামাবাদ, ২০০৬), সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র (নয়াদিল্লি, ২০০৬), সার্ক সাংস্কৃতিক কেন্দ্র (কলম্বো, ২০০৯)।*

৬. **আন্তর্জাতিক আদালতের অবস্থান কোথায়?**
(ক) ভিয়েনা (খ) হেগ*
(গ) নিউইয়র্ক (ঘ) জেনেভা
**ব্যাখ্যা:** *আন্তর্জাতিক আদালত এর সদর দপ্তর নেদারল্যান্ডস এর দ্যা হেগ-এ অবস্থিত। এর বিচারকের সংখ্যা ১৫ জন। বিচারকদের মেয়াদ ৩ বছর।*

৭. **বিশ্বের প্রাচীনতম বিশ্ববিদ্যালয় কোনটি?**
(ক) হার্ভার্ড (খ) তুরিন
(গ) নালন্দা* (ঘ) আল হামরা

৮. **হীরক জয়ন্তী বলতে কততম বর্ষপূর্তি বোঝায়?**
(ক) ২৫ বছর (খ) ৫০ বছর
(গ) ৬০ বছর* (ঘ) ৭৫ বছর
**ব্যাখ্যা:** *পঁচিশ বছর পূর্ণ হওয়ার উৎসব- রজত জয়ন্তী, পঞ্চাশ বছর পূর্ণ হওয়ার উৎসব- সুবর্ণ জয়ন্তী, ষাট বছর পূর্ণ হওয়ার উৎসব- হীরক জয়ন্তী, একশত পঞ্চাশ বছর- সার্ধশত বর্ষ।*

৯. **'রাখাইন' আদিবাসীরা বাংলাদেশের কোন জেলায় বাস করে?**
(ক) রংপুর (খ) বান্দরবান
(গ) পটুয়াখালী (ঘ) রাঙামাটি
**ব্যাখ্যা:** *'রাখাইন' আদিবাসীরা বাংলাদেশের রাঙামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, চট্টগ্রাম, বরগুনা, পটুয়াখালী, কক্সবাজারে বসবাস করে।*

১০. **সামুদ্রিক মাছে কোন মিনারেলটি বেশি পাওয়া যায়?**
(ক) ক্যালসিয়াম (খ) লৌহ
(গ) আয়োডিন* (ঘ) ফসফরাস

১১. **সুন্দরবনে বাংলাদেশ ও ভারতের সীমানা নির্ধারক নদী-**
(ক) সন্ধ্যা (খ) হাড়িয়াভাঙ্গা*
(গ) ডাকাতিয়া (ঘ) যমুনা

www.bdniyog.com

১২. **প্রাচীন চন্দ্রদ্বীপের বর্তমান নাম কী?**
(ক) বরিশাল* (খ) চাঁদপুর
(গ) মনপুরা (ঘ) সন্দ্বীপ
**ব্যাখ্যা:** *বর্তমান বরিশাল জেলাই ছিল চন্দ্রদ্বীপের মূল ভূখণ্ড ও প্রাণকেন্দ্র এ প্রাচীন জনপদটি বালেশ্বর ও মেঘনার মধ্যবর্তী স্থানে অবস্থিত ছিল।*

১৩. **G-7 এর একমাত্র এশীয় দেশ কোনটি?**
(ক) ভারত (খ) জাপান*
(গ) দক্ষিণ কোরিয়া (ঘ) চীন
**ব্যাখ্যা:** *G-7 বা Group of 7 হচ্ছে বিশ্বের শিল্পোন্নত ৭টি দেশের সরকার বা রাষ্ট্রপ্রধানের জোট। ১৫ নভেম্বর ১৯৭৫ সালে এটি প্রতিষ্ঠিত হয়। এর সদস্য দেশগুলো হলো কানাডা, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, জার্মানি, যুক্তরাজ্য, ইতালি ও জাপান।*

১৪. **স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার কখন গঠিত হয়?**
(ক) ১৭ এপ্রিল ১৯৭১* (খ) ২৭ এপ্রিল ১৯৭১
(গ) ১৪ এপ্রিল ১৯৭১ (ঘ) ৭ এপ্রিল ১৯৭১
**ব্যাখ্যা:** *মুক্তিযুদ্ধ চলাকালীন বাংলাদেশের অস্থায়ী মুজিবনগর সরকার গঠিত হয় ১৯৭১ সালের ১০ই এপ্রিল। এই সরকারের মন্ত্রী পরিষদের সদস্যরা শপথ গ্রহণ করেন ১৯৭১ সালের ১৭ এপ্রিল।*

## বিমান বাংলাদেশ এয়ারলাইন্স

**পদের নাম: পাইলট**

**তারিখ: ১০.০৫.২০১৯**

১. **ঐতিহাসিক ২১ দফা দাবির প্রথমটি কি ছিল?**
(ক) বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে ঘোষণা করা*
(খ) পূর্ববাংলার অর্থনৈতিক বৈষম্য দূর করা
(গ) বিনা ক্ষতিপূরণে জমিদারী উচ্ছেদ কর
(ঘ) প্রাদেশিক স্বায়ত্বশাসন
(ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *পূর্ব বাংলার গণমানুষের আশা-আকাঙ্ক্ষাকে সামনে রেখে যে ২১ দফা কর্মসূচি প্রণয়ন করা হয়েছিল, তার মুখ্য রচয়িতা ছিলেন আবুল মনসুর আহমদ। এই দফায় জমিদারি প্রথা বিলুপ্ত, পাটশিল্পকে জাতীয়করণ, কৃষির উন্নতি, অবৈতনিক ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার প্রবর্তনসহ বেশ জনগুরুত্বপূর্ণ কিছু বিষয় ছিল।*

২. **বীরশ্রেষ্ঠ রুহুল আমীন কোন গানবোটের Engine Room Artificer নিযুক্ত ছিলেন?**
(ক) পদ্মা (খ) পলাশ*
(গ) বাংলার দূত (ঘ) বখতিয়ার
(ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *মুক্তিযুদ্ধকালীন ভারত সরকার বাংলাদেশ সশস্ত্র বাহিনীকে 'পদ্মা' এবং 'পলাশ' নামে দুটি গানবোট উপহার দেয়।*

৩. **বাংলাদেশের বেসামরিক প্রশাসন চালুর জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৩৫টি বিধি জারি করেন কবে?**
(ক) ৭ মার্চ ১৯৭১* (খ) ১২ মার্চ ১৯৭১
(গ) ১৫ মার্চ ১৯৭১ (ঘ) ১৯ মার্চ ১৯৭১
(ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পক্ষে বেসামরিক প্রশাসন চালু করেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তাজউদ্দিন আহমেদ। বিভিন্ন সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং ব্যাংক-বীমা পরিচালনার জন্য এই ৩৫টি বিধি চালু করা হয়েছিল।*

৪. **মুজিবনগরে নতুন সরকার গঠনের ঘোষণাপত্র কে পাঠ করেন?**
(ক) অধ্যাপক এম এ হান্নান (খ) অধ্যাপক ইউসুফ আলী*
(গ) তাজউদ্দীন আহমদ (ঘ) জেনারেল ওসমানী
(ঙ) কোনটিই নয়



www.bdniyog.com

www.bdniyog.com

**ব্যাখ্যা:** *১৯৭১ সালের ১০ এপ্রিল একটি অস্থায়ী সরকার গঠিত হয়। ১৭ এপ্রিল সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। এই শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন আব্দুল মান্নান এমএনএ এবং স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন অধ্যাপক ইউসুফ আলী।*

**৫. কত সালে পাকিস্তান গণপরিষদ বাংলাকে রাষ্ট্রভাষার স্বীকৃতি দেয়?**

(ক) ১৯৫২ সালে (খ) ১৯৫৩ সালে
(গ) ১৯৫৪ সালে* (ঘ) ১৯৫৫ সালে (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *১৯৫৪ সালের ৯ মে পাকিস্তান বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে মর্যাদা দেয়। ২৯ ফেব্রুয়ারি ১৯৫৬ সালে পাকিস্তানের দ্বিতীয় রাষ্ট্রভাষা হিসেবে বাংলা স্বীকৃতি পায়। পাকিস্তানের দ্বিতীয় সংবিধানের ২১৫(১) অনুচ্ছেদে এই স্বীকৃতি দেয়া হয়।*

**৬. পাকিস্তানের প্রথম জাতীয় পরিষদের নির্বাচন কত সালে অনুষ্ঠিত হয়?**

(ক) ১৯৫৪ সালে (খ) ১৯৬২ সালে
(গ) ১৯৬৬ সালে (ঘ) ১৯৭০ সালে* (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *পাকিস্তানের প্রথম জাতীয় পরিষদ বা সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় ৭ ডিসেম্বর ১৯৭০। কিছু আসনে ১৭ জানুয়ারি ১৯৭১ ১৯৫৪ সালে প্রাদেশিক নির্বাচন অনুষ্ঠিত হয়।*

**৭. বাংলাদেশে মুক্তিযুদ্ধে সর্বপ্রথম নিচের কোন এলাকা মুক্ত হয়?**

(ক) বরিশাল (খ) খুলনা
(গ) সিলেট (ঘ) চট্টগ্রাম (ঙ) কোনটিই নয়*

**ব্যাখ্যা:** *মুক্তিযুদ্ধকালীন সমগ্র দেশকে ১১টি সামরিক সেক্টরে ভাগ করা হয়। এর মধ্যে যশোর ছিল ৮ নম্বর সেক্টরে। মূলত বৃহত্তর যশোর ও কুষ্টিয়া জেলা, ফরিদপুর ও খুলনা জেলার কিছু অংশ ৮ নম্বর সেক্টরের আওতায় ছিল। মুক্তি ও মিত্রবাহিনীর যৌথ আক্রমণ এবং মুক্তিকমী মানুষের প্রতিরোধে ৬ ডিসেম্বর ১৯৭১ সালে সম্মিলিত আক্রমণের মুখে টিকতে না পেরে পাকবাহিনী যশোর সেনানিবাস থেকে খুলনায় পালিয়ে যায়। এভাবে যশোর জেলা প্রথম শত্রুমুক্ত হয়।*

**৮. তেভাগা আন্দোলনের নেতৃত্ব দেন কোন সাহসী নারী?**

(ক) রানী ভবানী (খ) প্রীতিলতা ওয়াদ্দেদার
(গ) ইলা মিত্র* (ঘ) সুমিত্রা দেবী (ঙ) কোনটিই নয়

**৯. বাংলার প্রথম স্বাধীন নবাব কে ছিলেন?**

(ক) আলীবর্দী খান (খ) সিরাজ-উদ্-দৌলা
(গ) মুর্শিদ কুলি খান* (ঘ) বাহাদুর শাহ্ (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *দক্ষ সুবাদার হিসেবে মুর্শিদ কুলি খান (১৭১৭-১৭২৭) ক্ষমতায় আসেন। তাঁকে বাংলার দেওয়ান হিসেবে নিয়োগ দেয়া হয়। দেওয়ানের কাজ ছিল রাজস্ব আদায় এবং অর্থনৈতিক অবস্থা নিয়ন্ত্রণ করা।*

**১০. কোন সাহিত্যিক মুক্তিযুদ্ধে অংশগ্রহণের জন্য বীরপ্রতীক খেতাব লাভ করেন?**

(ক) আব্দুস সাত্তার* (খ) জহির রায়হান
(গ) শওকত ওসমান (ঘ) গাজীউল হক (ঙ) কোনটিই নয়

**১১. ১৯৭১ সালে প্রথম কোন কূটনৈতিক বাংলাদেশের প্রতি আনুগত্য প্রকাশ করেন?**

(ক) আবুল হাশেম (খ) এম মহিউদ্দিন খান
(গ) এস এ নবী (ঘ) এম হোসেন আলী*
(ঙ) কোনটিই নয়

**১২. পাকিস্তানের Constituent Assembly এর ধারা বিবরণীতে বাংলা ভাষা ব্যবহার এর দাবি প্রথম কে তুলেছিলেন?**

(ক) আবুল হাশেম (খ) ড. মুহম্মদ শহিদুল্লাহ
(গ) শেখ মুজিবুর রহমান (ঘ) ধীরেন্দ্রনাথ দত্ত* (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *১৯৪৮ সালের ২৫ আগস্ট পাকিস্তান গণপরিষদে ধীরেন্দ্রনাথ দত্ত অধিবেশনের সকল কার্য বিবরণীতে ইংরেজি ও উর্দুর পাশাপাশি বাংলা রাখার দাবী উত্থাপন করেন।*

**১৩. পূর্ববঙ্গ জমিদারী দখল ও প্রজাস্বত্ব আইন কবে প্রণীত হয়?**

(ক) ১৯৪৮ (খ) ১৯৫০*
(গ) ১৯৫৪ (ঘ) ১৯৫৬ (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *এই আইনে পূর্ব বাংলার জমিতে খাজনা সংগ্রাহক ও অন্যান্য স্বার্থ ধারীদের তালুক অধিগ্রহণের বিধান, তালুকে প্রজাদের সাথে সম্পর্ক এবং এর সাথে সম্পর্কিত আরো অন্য বিষয়ের আইনগত সম্পর্ক সংজ্ঞায়িত করার বিধান রয়েছে।*

**১৪. সর্বদলীয় রাষ্ট্রভাষা কর্মপরিষদ কবে গঠন করা হয়?**

(ক) ১৯৪৯ সালের ৯ মার্চ (খ) ১৯৫২ সালের ৩০ জানুয়ারী
(গ) ১৯৫২ সালের ২ মার্চ (ঘ) ১৯৫২ সালের ৯ মার্চ
(ঙ) কোনটিই নয়*

**ব্যাখ্যা:** *সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ ১৯৫২ সালের ৩১ জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের বার লাইব্রেরি হলে একটি সভার মাধ্যমে গঠিত হয়। অনুষ্ঠানটির সভাপতি ছিলেন মওলানা আব্দুল হামিদ খান ভাসানী।*

**১৫. বাংলাদেশের সংবিধানের ব্যাখ্যাকারক কে?**

(ক) মহামান্য রাষ্ট্রপতি (খ) জাতীয় সংসদ
(গ) এটর্নী জেনারেল (ঘ) সুপ্রিম কোর্ট* (ঙ) কোনটিই নয়

**১৬. বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল কত নং সেক্টরে যুদ্ধ করেন?**

(ক) ২ নং* (খ) ৪ নং
(গ) ৭ নং (ঘ) ৮ নং (ঙ) কোনটিই নয়

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**পদের নাম: অফিস সহকারি কাম কম্পিউটার টাইপিস্ট**

**পরীক্ষার তারিখ: ২৪.০৫.২০১৯**

**১. বাংলাদেশের জাতীয় পতাকা সর্বপ্রথম কোথায় উত্তোলন করা হয়?**

(ক) রেসকোর্স ময়দান (খ) কালুর ঘাট বেতার কেন্দ্র
(গ) ঢাকা বিশ্ববিদ্যালয়* (ঘ) মুজিবনগর (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *১৯৭১ সালের ২ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের পশ্চিম দিকের গেটে প্রথমবারের মতো জাতীয় পতাকা উত্তোলন করেন ছাত্রনেতা আ.স.ম আবদুর রব।*

**২. বাংলার প্রাচীনতম শিলালিপি 'ব্রাহ্মী লিপি' কোথায় পাওয়া গেছে?**

(ক) ময়নামতি (খ) উয়ারী বটেশ্বর
(গ) মহাস্থানগড়* (ঘ) পাহাড়পুর (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *এই উপমহাদেশে আর্য ভাষার প্রাচীনতম যে বর্ণমালার সন্ধান পাওয়া যায় তা খ্রিষ্টপূর্ব তৃতীয় শতকের, অশোকের অনুশাসনের সময়ের বগুড়ার মহাস্থানগড়ে যে লিপি পাওয়া গেছে উভয় প্রাপ্ত লিপির সাদৃশ্য আছে। এই লিপিকে ব্রাহ্মী লিপি বলে। ব্রাহ্মী লিপি কুষাণ ও গুপ্ত রাজাদের আমলের পরিবর্তিত হয়ে তিনটি রূপ ধারণ করে। যথাঃ সারদা (কাশ্মির ও পাঞ্জাবে প্রচলিত রূপ), নাগর (রাজস্থান ও মালব; গুজরাট ও মধ্যপ্রদেশে প্রচলিত রূপ) এবং কুটিল (ভারতের পূর্বাঞ্চলে প্রচলিত রূপ)। বাংলা লিপি ব্রাহ্মী লিপির এই কুটিল রূপ থেকে সৃষ্টি হয়েছে।*

**৩. ঐতিহাসিক সোনাবিবির মাজার কোথায় অবস্থিত?**

(ক) বাগেরহাট (খ) চাপাইনবাবগঞ্জ
(গ) সোনারগাঁও* (ঘ) কিশোরগঞ্জ (ঙ) কোনটিই নয়

**৪. পালাগান মূলত কোন অঞ্চলের গান?**

(ক) নেত্রকোনা* (খ) রংপুর
(গ) চট্টগ্রাম (ঘ) কুমিল্লা (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *লোক সংগীতের নাম অঞ্চলের নাম জারিগান, জারি, ভাটিয়ালি ময়মনসিংহ (পূর্ববঙ্গ) ভাওয়াইয়া, চটকা রংপুর (রাজশাহী) গম্ভীরা (চাঁপাইনবাবগঞ্জ) ভাদুপটুয়া/ঝুমুর (পশ্চিমবঙ্গ)।*

**৫. বাংলাদেশের একমাত্র নৃতাত্ত্বিক জাদুঘর কোথায় অবস্থিত?**

(ক) ঢাকা (খ) পঞ্চগড়
(গ) রাজশাহী (ঘ) চট্টগ্রাম* (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *বিভিন্ন জাদুঘর, অবস্থান ও প্রতিষ্ঠাকাল- জাতিতাত্ত্বিক জাদুঘর (আগ্রাবাদ, চট্টগ্রাম; ১৯৬৫), উপজাতীয় কালচারাল একাডেমী*



www.bdniyog.com

www.bdniyog.com

*(বিরিশিরি, নেত্রকোনা; ১৯৭৭) এবং উপজাতীয় জাদুঘর (রাঙ্গামাটি; ১৯৭৮)।*

**৬. ম্যাকাও দ্বীপটি আগে কোন দেশের উপনিবেশ ছিল?**
(ক) ব্রাজিল (খ) যুক্তরাজ্য
(গ) পর্তুগাল* (ঘ) চীন (ঙ) কোনটিই নয়

**৭. ইউরোপের একমাত্র মুসলিম অধ্যুষিত দেশ কোনটি?**
(ক) গ্রিস (খ) আলবেনিয়া*
(গ) তুরস্ক (ঘ) মালটা (ঙ) কোনটিই নয়

**৮. নিচের কোন সংস্থাটি একাধিকবার নোবেল পুরস্কার লাভ করেছে?**
(ক) জাতিসংঘ শিশু তহবিল (খ) আন্তর্জাতিক আণবিক শক্তি কমিশন
(গ) আন্তর্জাতিক শ্রম সংস্থা (ঘ) রেডক্রস*

**৯. শিল্প বিপ্লবের সূচনা হয় কোন দেশ থেকে?**
(ক) ফ্রান্স (খ) ইতালি
(গ) জার্মানি (ঘ) ইংল্যান্ড* (ঙ) কোনটিই নয়

**১০. নিচের কোন প্রণালীটি উত্তর আটলান্টিক ও ভূমধ্যসাগরকে যুক্ত করেছে?**
(ক) পক (খ) জিব্রাল্টার*
(গ) বেরিং (ঘ) বসফরাস (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:**

| প্রণালী | সংযুক্ত করেছে | পৃথক করেছে |
|---|---|---|
| পক | ভারত মহাসাগর-আরব সাগর | ভারত-শ্রীলংকা |
| জিব্রাল্টার | উত্তর আটলান্টিক-ভূমধ্যসাগর | আফ্রিকা-ইউরোপ |
| বেরিং | উত্তর সাগর-বেরিং সাগর | এশিয়া-উত্তর আমেরিকা |
| বসফরাস | মর্মর সাগর-কৃষ্ণ সাগর | এশিয়া-ইউরোপ |

**১১. বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালে জাতিসংঘের মহাসচিব কে ছিলেন?**
(ক) ট্রিগভেলী (খ) দ্যাগ হ্যামারশোল্ড
(গ) কুর্ট ওয়াল্ডহেইম (ঘ) উথান্ট* (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালে জাতিসংঘের মহাসচিব ছিলেন উথান্ট (মিয়ানমার)।*

**১২. বাংলাদেশের একমাত্র কৃত্রিম ম্যানগ্রোভ বন কোথায় অবস্থিত?**
(ক) বাগেরহাট (খ) টাঙ্গাইল
(গ) চট্টগ্রাম (ঘ) কক্সবাজার* (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *কক্সবাজারের চকোরিয়া, ভোলা ছাড়াও নোয়াখালী, লক্ষ্মীপুর, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী এবং চট্টগ্রামে কৃত্রিম ম্যানগ্রোভ বন রয়েছে।*

**১৩. বাংলাদেশের সর্বপ্রথম আবিষ্কৃত গ্যাসক্ষেত্র কোনটি?**
(ক) ফেঞ্চুগঞ্জ (খ) সালদা
(গ) বাখরাবাদ (ঘ) হরিপুর* (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *১৯৫৫ সালে সিলেটের হরিপুরে বাংলাদেশের প্রথম গ্যাসফিল্ড আবিষ্কৃত হয়। ১৯৫৭ সালে গ্যাসফিল্ড হতে গ্যাস উত্তোলন শুরু হয়। তিতাস বাংলাদেশের বৃহত্তম গ্যাসক্ষেত্র। বর্তমানে দেশে ২৭টি গ্যাসক্ষেত্র রয়েছে (সর্বশেষ ভোলা নর্থ)। দেশের প্রথম ভাসমান তরলীকৃত প্রাকৃতিক গ্যাস টার্মিনাল মহেশখালী (কক্সবাজার)-তে অবস্থিত।*

**১৪. নিচের কোন প্রতিষ্ঠানটি স্বাধীনতা পদক ২০১৯ পেয়েছে?**
(ক) বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট*
(খ) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
(গ) শিল্পকলা একাডেমী
(ঘ) বাংলা একাডেমী
(ঙ) কোনটিই নয়

**১৫. বাংলাদেশে উপকূলীয় জেলা কতগুলো?**
(ক) ১৭টি (খ) ১৮টি
(গ) ১৯টি* (ঘ) ২০টি (ঙ) কোনটিই নয়

**১৬. বাংলাদেশে গ্র্যান্ড মাষ্টার খেতাব অর্জনকারী প্রথম দাবাড়ু কে?**
(ক) নিয়াজ মোর্শেদ* (খ) রিফাত বিন সাত্তার
(গ) জিয়াউর রহমান (ঘ) রানী হামিদ (ঙ) কোনটিই নয়

**১৭. ভূ-প্রকৃতি অনুযায়ী বাংলাদেশকে কয় ভাগে ভাগ করা হয়েছে?**
(ক) ৩* (খ) ৪
(গ) ৫ (ঘ) ৬ (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *ভূ-প্রকৃতি অনুসারে বাংলাদেশকে ৩ ভাগে ভাগ করা যায়ঃ টারশিয়ারি যুগের পাহাড়ী অঞ্চল, প্লাইস্টোসিন যুগের সোপান অঞ্চল এবং সাম্প্রতিক কালের প্লাবন সমভূমি।*

**১৮. তিতাস কোন নদীর উপনদী?**
(ক) পদ্মা (খ) মেঘনা*
(গ) গোমতী (ঘ) কর্ণফুলী (ঙ) কোনটিই নয়

**১৯. বাংলাদেশের প্রথম রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা (ইপিজেড) কোথায় স্থাপিত হয়?**
(ক) মংলা (খ) কুমিল্লা
(গ) ঢাকা (ঘ) চট্টগ্রাম* (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *বর্তমানে বাংলাদেশে চালুকৃত সরকারি EPZ এর সংখ্যা ৮টি। দেশের প্রথম EPZ ১৯৮৩ সালে প্রতিষ্ঠিত হয় চট্টগ্রামের হালিশহরে। দেশের কৃষিভিত্তিক EPZ হলো উত্তরা ইপিজেড। দেশের প্রথম বেসরকারি EPZ এর নাম KEPZ (চট্টগ্রাম)।*

## বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন

**পদের নাম: বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা**

**তারিখ: ১৯.০৯.২০১৯**

**১. ইউরোপের ক্ষুদ্রতম দেশ কোনটি?**
(ক) বেলজিয়াম (খ) অস্ট্রিয়া
(গ) ভ্যাটিকান সিটি* (ঘ) ফ্রান্স
**ব্যাখ্যা:** *ইউরোপের ক্ষুদ্রতম দেশ ভ্যাটিকান সিটি। দেশটির আয়তন মাত্র ০.৪৪ বর্গকিমি। এটি ইতালির রোম শহরের মধ্যস্থলে প্রাচীর বেষ্টিত একটি এলাকা। ইতালির অভ্যন্তরে স্যানম্যারিনো দেশটিও অবস্থিত। এ কারণে ইতালিকে ছিদ্রায়িত রাষ্ট্র বলা হয়। আয়তনে ইউরোপ তথা বিশ্বের বৃহত্তম দেশ রাশিয়া।*

**২. আন্তর্জাতিক আদালত কোন দেশে অবস্থিত?**
(ক) ফ্রান্স (খ) সুইজারল্যান্ড
(গ) নেদারল্যান্ডস* (ঘ) জার্মানি
**ব্যাখ্যা:** *আন্তর্জাতিক আদালতের সদর দপ্তর নেদারল্যান্ডসের হেগ শহরে অবস্থিত। এটি ১৫ জন বিচারকের সমন্বয়ে গঠিত যাদের মেয়াদ ৯ বছর। অন্যদিকে, সভাপতির মেয়াদ ৩ বছর।*

**৩. কোন দেশটি নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য নয়?**
(ক) চীন (খ) রাশিয়া
(গ) জাপান* (ঘ) যুক্তরাষ্ট্র
**ব্যাখ্যা:** *জাতিসংঘের নিরাপত্তা পরিষদের মোট সদস্য সংখ্যা ১৫। এর মধ্যে ৫টি স্থায়ী সদস্য (যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, রাশিয়া ও চীন) এবং ১০টি অস্থায়ী সদস্য। নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য দেশগুলো ২ বছরের জন্য নির্বাচিত হয়। নিরাপত্তা পরিষদে সর্বোচ্চ অস্থায়ী সদস্য নির্বাচিত হয়েছে জাপান (১১ বার)। নিরাপত্তা পরিষদের ৫টি স্থায়ী সদস্যকে একত্রে 'P5' বলা হয়।*

**৪. ময়নামতি কিসের জন্য বিখ্যাত?**
(ক) বৌদ্ধবিহার* (খ) প্রাচীন রাজধানী
(গ) স্বাস্থ্যকর স্থান (ঘ) শালবন

**৫. OIC এর সদস্য কিন্তু জাতিসংঘের সদস্য নয় কোন দেশ?**
(ক) আফগানিস্তান (খ) ইরাক
(গ) সিরিয়া (ঘ) প্যালেস্টাইন*



www.bdniyog.com

www.bdniyog.com

৬. **জাতীয় শিশু দিবস কোনটি?**

(ক) ১৭ এপ্রিল (খ) ১০ মার্চ
(গ) ১৭ মার্চ* (ঘ) ১০ মে

**ব্যাখ্যা:** *১৭ এপ্রিল মুজিবনগর দিবস, ১০ মার্চ জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস এবং ১৭ মার্চ জাতীয় দিবস পালিত হয়। উল্লেখ্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ মার্চ জন্মগ্রহণ করেন।*

৭. **কোনটি স্থানীয় সরকার নন?**

(ক) ইউনিয়ন পরিষদ (খ) সিটি কর্পোরেশন
(গ) জেলা প্রশাসন* (ঘ) পৌরসভা

**ব্যাখ্যা:** *স্থানীয় সরকারের কয়েকটি অঙ্গ বা অংশ হলো: ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, গ্রাম সরকার, পৌরসভা ও সিটি কর্পোরেশন। অপশনে 'জেলা পরিষদ'-এর পরিবর্তে 'জেলা প্রশাসন' থাকায়, সঠিক উত্তর গ।*

৮. **মুক্তিযুদ্ধে বীরত্বের সর্বোচ্চ খেতাব 'বীরশ্রেষ্ঠ' কতজনকে দেয়া হয়?**

(ক) ৭ জন* (খ) ৮ জন
(গ) ১০৯ জন (ঘ) ৯ জন

**ব্যাখ্যা:** *বীরশ্রেষ্ঠদের মধ্যে প্রথম শহীদ হন সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল। সর্বশেষ শহীদ হন।*

৯. **মুক্তিযুদ্ধকালীন বাংলাদেশের রাষ্ট্রপতি কে ছিলেন?**

(ক) সৈয়দ নজরুল ইসলাম (খ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান*
(গ) তাজউদ্দিন আহমেদ (ঘ) মাওলানা ভাসানী

**ব্যাখ্যা:** *মুক্তিযুদ্ধকালীন ১০ এপ্রিল ১৯৭১ সালে মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার (বর্তমান মুজিবনগর) ভবেরপাড়া গ্রামের আমবাগানে বাংলাদেশের প্রথম বা অস্থায়ী সরকার গঠন করা হয়। অস্থায়ী সরকারের বিভিন্ন পদে যারা ছিলেন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (রাষ্ট্রপতি), সৈয়দ নজরুল ইসলাম (অস্থায়ী/উপ-রাষ্ট্রপতি), তাজউদ্দিন আহমেদ (প্রধানমন্ত্রী), ক্যাপ্টেন এম মনসুর আলী (অর্থমন্ত্রী), খন্দকার মোশতাক আহমদ (পররাষ্ট্রমন্ত্রী), আবুল হাসনাত মোহাম্মদ কামারুজ্জামান (খাদ্যমন্ত্রী)।*

১০. **'মোনালিসা' চিত্রকর্মটি কোন শিল্পীর?**

(ক) মাইকেল অ্যাঞ্জেলো (খ) পাবলো পিকাসো
(গ) লিওনার্দো দ্য ভিঞ্চি* (ঘ) ভ্যানগগ

**ব্যাখ্যা:** *মোনালিসা চিত্রকর্মটি ইতালির লিওনার্দো দ্য ভিঞ্চির। বিশ্বখ্যাত এই শিল্পকর্মটি ফ্রান্সের ল্যুভর মিউজিয়ামে সংরক্ষিত আছে।*

১১. **জিব্রাল্টার কী?**

(ক) উপসাগর (খ) প্রণালী*
(গ) হ্রদ (ঘ) শহর

**ব্যাখ্যা:** *জিব্রাল্টার প্রণালী আটলান্টিক মহাসাগর ও ভূমধ্যসাগরকে সংযুক্ত করেছে।*

১২. **কোনটি ব্যাংক নোট নয়?**

(ক) ২ টাকা* (খ) ১০ টাকা
(গ) ১০০ টাকা (ঘ) ৫০০ টাকা

**ব্যাখ্যা:** *১, ২ এবং ৫ টাকার নোটগুলো সরকারি নোট। এগুলোতে অর্থ সচিবের স্বাক্ষর থাকে। বাকি নোটগুলো ব্যাংক নোটগুলো সরকারি নোট। এতে বাংলাদেশ ব্যাংকের গভর্নরের স্বাক্ষর থাকে।*

১৩. **অলিম্পিক গেমসের প্রতীকে কয়টি বৃত্ত?**

(ক) ৫টি* (খ) ৬টি
(গ) ৭টি (ঘ) ৯টি

**ব্যাখ্যা:** *অলিম্পিক গেমসের প্রতীকে ৫টি বৃত্ত দ্বারা ৫টি মহাদেশকে বুঝানো হয়েছে।*

১৪. **কোন দেশটি আফ্রিকা মহাদেশে নয়?**

(ক) মিশর (খ) আলবেনিয়া*
(গ) ঘানা (ঘ) জাম্বিয়া

**ব্যাখ্যা:** *আলবেনিয়া দক্ষিণ ইউরোপের একটি দেশ। রাজধানীর নাম তিরানা। মিশর উত্তর আফ্রিকা, ঘানা পশ্চিম আফ্রিকা ও জাম্বিয়া পূর্ব আফ্রিকায় অবস্থিত।*

১৫. **বাংলাদেশের সংবিধানের কোনভাগে মৌলিক অধিকার বর্ণিত হয়েছে?**

(ক) ১ম ভাগে (খ) ৫ম ভাগে
(গ) ৬ষ্ঠ ভাগে (ঘ) ৩য় ভাগে*

**ব্যাখ্যা:** *বাংলাদেশের সংবিধানে ১১টি ভাগ রয়েছে। প্রথম ভাগে প্রজাতন্ত্র, তৃতীয় ভাগে মৌলিক অধিকার, পঞ্চম ভাগে আইনসভা এবং ষষ্ঠ ভাগে বিচার বিভাগ নিয়ে আলোচনা করা হয়েছে।*

১৬. **স্বাধীনতা যুদ্ধে বাংলাদেশ কয়টি সেক্টরে বিভক্ত ছিল?**

(ক) ৭টি (খ) ১১টি*
(গ) ১৭টি (ঘ) ৯টি

**ব্যাখ্যা:** *১০ এপ্রিল ১৯৭১ সালে সরকার ৪টি সামরিক জোনে বাংলাদেশকে ভাগ করে ৪ জন সেক্টর কমান্ডার নিযুক্ত করে। ১১ এপ্রিল তা পুনর্গঠিত করে ১১টি সেক্টরে বিভক্ত করা হয়।*

১৭. **বাংলা ১১৭৬ সন কোনটির সাথে সংশ্লিষ্ট?**

(ক) সিপাহী বিদ্রোহ (খ) বঙ্গভঙ্গ
(গ) ছিয়াত্তরের মন্বন্তর* (ঘ) দেশভাগ

**ব্যাখ্যা:** *লর্ড ক্লাইভের দ্বৈতশাসন ব্যবস্থার মারাত্মক পরিণতি এবং অনাবৃষ্টি ও খরার কারণে ১৭৭০ সালে (বাংলা ১১৭৬) বাংলায় ভয়াবহ দুর্ভিক্ষ দেখা দেয়। একে ছিয়াত্তরের মন্বন্তর বলা হয়। এতে প্রায় ১ কোটি মানুষ খাবারের অভাবে মারা যায়।*

১৮. **'হো চি মিন' কোন দেশের নাগরিক ছিলেন?**

(ক) কম্বোডিয়া (খ) চীন
(গ) থাইল্যান্ড (ঘ) ভিয়েতনাম*

১৯. **COP-24 কোন দেশে অনুষ্ঠিত হয়েছে?**

(ক) জাপান (খ) ইংল্যান্ড
(গ) চীন (ঘ) পোল্যান্ড*

২০. **এলিসি প্রাসাদ কার বাসভবন?**

(ক) ফরাসি প্রেসিডেন্টের* (খ) বৃটেনের রাণীর
(গ) ভারতের রাষ্ট্রপতির (ঘ) স্পেনের রাণীর

## জাতীয় নিরাপত্তা গোয়েন্দা

**পদের নাম: জুনিয়র ফিল্ড অফিসার**

**তারিখ: ০১.১১.২০১৯**

১. **বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের নতুন কোচ কোন দেশের নাগরিক?**

(ক) অস্ট্রেলিয়া (খ) দক্ষিণ আফ্রিকা*
(গ) ওয়েস্ট ইন্ডিজ (ঘ) ইংল্যান্ড (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের বর্তমান কোচ রাসেল ডোমিঙ্গো। তিনি দক্ষিণ আফ্রিকার পোর্ট এলিজাবেথে জন্মগ্রহণ করেন। তিনি ২১ আগস্ট ২০১৯ বাংলাদেশের জাতীয় ক্রিকেট টিমের কোচ হিসেবে ২ বছরের জন্য নিযুক্ত হন।*

২. **মেক্সিকো কোন মহাদেশের অন্তর্ভুক্ত?**

(ক) ইউরোপ (খ) উত্তর আমেরিকা*
(গ) দক্ষিণ আমেরিকা (ঘ) এশিয়া (ঙ) কোনটিই নয়

৩. **এশিয়া ও ইউরোপকে নিচের কোন প্রণালী পৃথক করেছে?**

(ক) পক (খ) জিব্রাল্টার
(গ) বসফরাস* (ঘ) বেরিং (ঙ) কোনটিই নয়

৪. **সিয়াচেন হিমবাহ কোন দুইটি দেশের মধ্যে অবস্থিত?**

(ক) ভারত ও চীন (খ) ভারত ও পাকিস্তান*
(গ) চীন ও পাকিস্তান (ঘ) চীন ও নেপাল (ঙ) কোনটিই নয়

৫. **দূষণ ও দখলের হাত থেকে রক্ষা করতে আদালত সম্প্রতি কোন নদীটিকে জীবন্ত সত্তা ঘোষণা করে রায় দিয়েছে?**

(ক) বুড়িগঙ্গা (খ) তুরাগ*
(গ) পদ্মা (ঘ) মেঘনা (ঙ) কোনটিই নয়

৬. **পদ্মা সেতু নিচের কোন দুটি জেলাকে যুক্ত করবে?**

(ক) শরিয়তপুর ও ফরিদপুর



www.bdniyog.com

www.bdniyog.com

(খ) নরসিংদী ও মুন্সিগঞ্জ
(গ) খুলনা ও সাতক্ষীরা
(ঘ) মাদারীপুর ও মুন্সিগঞ্জ*
(ঙ) কোনটিই নয়

**৭. নিচের কোন ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক গোষ্ঠীর জনগণ মগধী বা মগ নামে পরিচিত ছিল?**
(ক) চাকমা (খ) মারমা
(গ) খিয়াং (ঘ) রাখাইন* (ঙ) কোনটিই নয়

**৮. নিচের কোন প্রতিষ্ঠানটি 'ভৌগোলিক নির্দেশক পণ্য' এর স্বীকৃতি দেয়?**
(ক) ইউনেস্কো (খ) আন্তর্জাতিক মেধাস্বত্ব সংস্থা*
(গ) বিশ্ব বাণিজ্য সংস্থা (ঘ) বিশ্বব্যাংক (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *জাতিসংঘের বিশেষায়িত সংস্থা বিশ্ব বুদ্ধিবৃত্তিক সম্পদ সংস্থা বা ভৌগোলিক নির্দেশক পণ্যের স্বীকৃতি দেয়। বাংলাদেশের ভৌগোলিক নির্দেশক পণ্য তিনটি। যথা: জামদানি শাড়ি, ইলিশ মাছ ও খিরসাপাতি আম।*

**৯. নিচের কোন দেশটি থেকে বাংলাদেশের সবচেয়ে বেশি রেমিট্যান্স আসে?**
(ক) মালয়েশিয়া (খ) সংযুক্ত আরব আমিরাত
(গ) কাতার (ঘ) সৌদি আরব* (ঙ) কোনটিই নয়

**১০. নিচের কোন দেশটি কফি উৎপাদন ও রপ্তানিতে বিশ্বে শীর্ষে আছে?**
(ক) ব্রাজিল* (খ) চীন
(গ) ভিয়েতনাম (ঘ) কলম্বিয়া (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *কফি উৎপাদন ও রপ্তানিতে বিশ্বের শীর্ষ দেশ ব্রাজিল।*

**১১. 'কাসাব্লাঙ্কা' সমুদ্র বন্দরটি কোন দেশে অবস্থিত?**
(ক) জর্ডান (খ) মিশর
(গ) মরক্কো* (ঘ) সুদান (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *মরক্কো আফ্রিকার একমাত্র দেশ যেটি আফ্রিকান ইউনিয়নের (AU) সদস্য নয়। দেশটি অতীতে ফ্রান্সের উপনিবেশ ছিল। বিখ্যাত পর্যটক ইবনে বতুতা মরক্কোর নাগরিক।*

**১২. 'বালিশিরা ভ্যালি' কোথায় অবস্থিত?**
(ক) রাঙামাটি (খ) মৌলভীবাজার*
(গ) খাগড়াছড়ি (ঘ) বান্দরবান (ঙ) কোনটিই নয়

**১৩. মিয়ানমারের সাথে বাংলাদেশের কতটি জেলার স্থল সীমান্ত আছে?**
(ক) একটি (খ) দুইটি
(গ) তিনটি* (ঘ) চারটি (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা ৩টি- রাঙামাটি, বান্দরবান ও কক্সবাজার। ভারত ও মিয়ানমারের সাথে বাংলাদেশের একমাত্র সীমান্তবর্তী জেলা রাঙামাটি।*

**১৪. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন?**
(ক) শেখ মুজিবুর রহমান (খ) সৈয়দ নজরুল ইসলাম
(গ) ক্যাপ্টেন মনসুর আলী (ঘ) তাজউদ্দিন আহমদ* (ঙ) কোনটিই নয়

**১৫. আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র কবে জারি করা হয়?**
(ক) ১০ এপ্রিল ১৯৭১* (খ) ১৭ এপ্রিল ১৯৭১
(গ) ৭ মার্চ ১৯৭১ (ঘ) ২৬ মার্চ ১৯৭১ (ঙ) কোনটিই নয়

**১৬. বাংলাদেশকে স্বীকৃতিদানকারী দ্বিতীয় দেশ কোনটি?**
(ক) ভুটান (খ) শ্রীলংকা
(গ) ইরাক (ঘ) ভারত* (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম দেশ ভুটান, দ্বিতীয় দেশ ভারত। শ্রীলংকা বাংলাদেশকে স্বীকৃতি দেয় ৪ মার্চ ১৯৭১ এবং ইরাক স্বীকৃতি দেয় ৮ জুলাই ১৯৭১।*

**১৭. বাংলাদেশের সংবিধান কোন তারিখ থেকে কার্যকর হয়?**
(ক) ২৬ মার্চ ১৯৭১ (খ) ৪ এপ্রিল ১৯৭১
(গ) ১৬ ডিসেম্বর ১৯৭১ (ঘ) ১৬ ডিসেম্বর ১৯৭২* (ঙ) কোনটিই নয়

**১৮. বাংলাদেশের জাতীয় সংগীতে কোন বিষয়টি প্রধানভাবে আছে?**
(ক) বাংলার মানুষের কথা (খ) বাংলার ইতিহাসের কথা
(গ) বাংলার প্রকৃতির কথা* (ঘ) বাংলার সংস্কৃতির কথা (ঙ) কোনটিই নয়

**১৯. আয়তনে বাংলাদেশের সবচেয়ে বড় জেলা কোনটি?**
(ক) ঢাকা (খ) কুমিল্লা
(গ) দিনাজপুর (ঘ) রাঙামাটি (ঙ) কোনটিই নয়

**২০. নিচের কোন ভৌগোলিক রেখাটি বাংলাদেশের উপর দিয়ে অতিক্রম করেছে?**
(ক) কর্কটক্রান্তি রেখা* (খ) মকরক্রান্তি রেখা
(গ) বিষুবরেখা (ঘ) আর্কটিক সার্কেল (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *বাংলাদেশের উপর দিয়ে কর্কটক্রান্তি রেখা বা ট্রপিক অব ক্যানসার এবং ৯০ পূর্ব দ্রাঘিমা রেখা অতিক্রম করেছে। এই কর্কটক্রান্তি রেখা চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মাগুরা, রাজবাড়ী, ফরিদপুর, ঢাকা, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, কুমিল্লা, খাগড়াছড়ি ও রাঙামাটি জেলার ওপর দিয়ে অতিক্রম করেছে।*

## জাতীয় নিরাপত্তা গোয়েন্দা

**পদের নাম: সহকারি পরিচালক**
**তারিখ: ২৮.০৯.২০১৯**

**১. বাংলাদেশ সবচেয়ে বেশি ঋণ গ্রহণ করে নিচের কোন সংস্থাটি থেকে?**
(ক) আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF)
(খ) আন্তর্জাতিক উন্নয়ন সমিতি (IDA)*
(গ) এশীয় উন্নয়ন ব্যাংক (ADB)
(ঘ) আন্তর্জাতিক পুঁজি বিনিয়োগ সংস্থা (IFC) (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *বিশ্ব ব্যাংকের ইন্টারন্যাশনাল ডেভোলপমেন্ট অ্যাসোসিয়েশনের (IDA) কাছ থেকে নিম্ন আয়ের দেশগুলো সহজ শর্তে ঋণ পায়। বাংলাদেশ IDA তহবিলের সবচেয়ে বড় ঋণগ্রহীতা।*

**২. 'বার্ডি' ও 'বগি' শব্দ দুটি কোন খেলার সাথে সম্পর্কযুক্ত?**
(ক) ফুটবল (খ) রাগবি
(গ) গলফ* (ঘ) লন টেনিস (ঙ) কোনটিই নয়

**৩. বাংলাদেশ পাট ও ছত্রাকের জীবন রহস্য উন্মোচনের স্বীকৃতি লাভ করে কোন প্রতিষ্ঠানের কাছ থেকে?**
(ক) UNESCO (খ) WMO
(গ) UNDP (ঘ) WIPO* (ঙ) কোনটিই নয়

**৪. দেশের প্রথম তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) টার্মিনাল কোথায় স্থাপিত হয়েছে?**
(ক) মংলা (খ) চট্টগ্রাম বন্দর
(গ) সোনাদিয়া (ঘ) মহেশখালী* (ঙ) কোনটিই নয়

**৫. সার্ক আবহাওয়া গবেষণা কেন্দ্র কোথায় অবস্থিত?**
(ক) মুম্বাই (খ) লাহোর
(গ) কাঠমান্ডু (ঘ) ঢাকা (ঙ) কোনটিই নয়*
**ব্যাখ্যা:** *সার্ক আবহাওয়া গবেষণা কেন্দ্রের সদর দপ্তর ছিল ঢাকায়। কিন্তু ৩১ ডিসেম্বর ২০১৫ সার্ক আবহাওয়া গবেষণা কেন্দ্র বিলুপ্ত করা হয়।*

**৬. 'জাতীয় মূল্য সংযোজন কর দিবস' কত তারিখে উদযাপিত হয়?**
(ক) ১৫ নভেম্বর (খ) ১০ ডিসেম্বর*
(গ) ১৫ ডিসেম্বর (ঘ) ৩০ নভেম্বর (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *২০১২ সালের ১০ ডিসেম্বর মূল্য সংযোজন ও সম্পূরক শুল্ক আইন-২০১২' সংসদে পাস হয়। ১০ ডিসেম্বর রাষ্ট্রপতি এই বিলে স্বাক্ষর করেন। এজন্য ১০ ডিসেম্বর জাতীয় ভ্যাট দিবস পালন করা হয়।*

**৭. আমাজন বনভূমি কোন ধরণের বনভূমি?**
(ক) ম্যানগ্রোভ
(খ) গ্রীষ্মমন্ডলীয় ঘনবসতি বনাঞ্চল*
(গ) উপক্রান্তীয় ঘণবর্ষণ বনাঞ্চল



www.bdniyog.com

www.bdniyog.com

(ঘ) ঘনবর্ষ বনাঞ্চল
(ঙ) কোনটিই নয়

৮. **সংবিধানের কত নম্বর অনুচ্ছেদ দ্বারা ধর্মীয় স্বাধীনতা নিশ্চিত করা হয়েছে?**
(ক) ১২ নং (খ) ২৩ নং
(গ) ৪১ নং* (ঘ) ৪৩ নং (ঙ) কোনটিই নয়

৯. **নিচের কোন দেশটি মিলেনেশিয়া অঞ্চলের অন্তর্গত?**
(ক) স্যামোয়া (খ) নাউরু
(গ) ফিজি* (ঘ) লাগুস (ঙ) কোনটিই নয়

১০. **শিল্পোন্নত দেশগুলোর সংগঠন জি-৭ এ কোন দেশটি একবার যোগদান করে পরে বের হয়ে গেছে?**
(ক) কানাডা (খ) জাপান
(গ) জার্মানি (ঘ) রাশিয়া* (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *১৫ মে ১৯৯৮ সালে রাশিয়া জি-৭ এর সদস্য হয়। পরে ক্রিমিয়া ইস্যুকে কেন্দ্র করে ২৪ মার্চ ২০১৪ সালে রাশিয়ার সদস্যপদ স্থগিত করা হয়। বিশ্বের ৭টি শিল্পোন্নত দেশের এই সংগঠনটির সদস্য দেশগুলো হলো- জাপান, জার্মানি, ইতালি, কানাডা, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও ফ্রান্স।*

১১. **এশীয় ও প্রশান্ত মহাসাগরীয় দেশসমূহের পল্লী উন্নয়নে গঠিত সংগঠন CIRDAP নিচের কোন প্রতিষ্ঠানটির উদ্যোগে গঠিত হয়?**
(ক) GATT (খ) UNDP
(গ) UNESCO (ঘ) FAO* (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *CIRDAP এর পূর্ণরূপ Centre on Integrated Rural Development for Asia and the Pacific। ৬ জুলাই ১৯৭৯ সালে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO) এর উদ্যোগে CIRDAP গঠিত হয়। CIRDAP এর প্রতিষ্ঠাকালীন সদস্য ৬টি। বর্তমান সদস্য দেশ ১৫টি। CIRDAP এর লক্ষ্য পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন। এর সদর দপ্তর ঢাকায় সুপ্রিম কোর্টের সামনে চামেলি হাউজে অবস্থিত। সংস্থাটির বর্তমান প্রেসিডেন্ট তেভিতা বসিওয়েকা (ফিজি)।*

১২. **ওজোন স্তরের সুরক্ষা ও সংরক্ষণের জন্য নিচের কোন সনদ স্বাক্ষরিত হয়?**
(ক) কিয়োটো প্রটোকল (খ) ভিয়েনা প্রটোকল*
(গ) বাসেল কনভেনশন (ঘ) কার্টাগোনা প্রটোকল (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *১৯৯৭ সালের ১১ ডিসেম্বর জাপানের কিয়োটো শহরে কিয়োটো প্রটোকল (চুক্তি) গৃহীত হয় এবং ২০০৫ সালের ১৬ ফেব্রুয়ারি কার্যকর হয়। বর্তমানে ১৯২টি দেশ কিয়োটো প্রটোকলে স্বাক্ষর করেছে।*

১৩. **প্রাচীনকালে বাণিজ্যে ব্যবহৃত সিল্ক রুটের পূর্ব প্রান্ত কোথায় এসে শেষ হয়েছে?**
(ক) চীন* (খ) জাপান
(গ) ইন্দোনেশিয়া (ঘ) মালয়েশিয়া (ঙ) কোনটিই নয়
**ব্যাখ্যা:** *১৪৫৩ খ্রিষ্টাব্দে সিল্ক রোড ছিল ইউরোপ ও এশিয়ার মধ্যে সবচেয়ে নির্ভরযোগ্য বাণিজ্যপথ। বর্তমানে পৃথিবীর প্রাচীনতম এই বাণিজ্যপথটি ইউনেস্কোর 'ওয়ার্ল্ড হেরিটেজ সাইট' এর অর্ন্তভুক্ত হয়েছে। এমনকি চীনী সরকার ঐতিহাসিক এই বাণিজ্য পথটি পুনঃনির্মাণের ঘোষণা দিয়েছেন।*

১৪. **সাবেক সোভিয়েত ইউনিয়ন হতে আলাদা হওয়া মুসলিম প্রজাতন্ত্র কোনটি?**
(ক) সার্বিয়া (খ) বেলারুশ
(গ) জর্জিয়া (ঘ) তাজিকিস্তান* (ঙ) কোনটিই নয়

১৫. **একদিনের আন্তর্জাতিক ক্রিকেট বিশ্বকাপে এক ইনিংসে দলীয় সর্বনিম্ন রান করেছে কোন দেশ?**
(ক) পাকিস্তান (খ) আফগানিস্তান
(গ) বাংলাদেশ (ঘ) আয়ারল্যান্ড (ঙ) কোনটিই নয়*

১৬. **নিচের কোন বাংলাদেশী চলচ্চিত্র নির্মাতা অস্কার পুরস্কার লাভ করেছে?**
(ক) তারেক মাসুদ (খ) মোস্তফা সরোয়ার ফারুকী
(গ) সত্যজিৎ রায় (ঘ) মোর্শেদুল ইসলাম (ঙ) কোনটিই নয়*
**ব্যাখ্যা:** *প্রথম বাংলাদেশি হিসেবে দুইবার অস্কার পুরস্কার লাভ করেন নাফিজ বিন জাফর।*

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

**পদের নাম: সহকারি এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর**

**তারিখ: ২২.১১.২০১৯**

১. **International Atomic Energy Agency'র সদর দপ্তর কোথায়?**
(ক) জেনেভা (খ) জেদ্দা
(গ) ভিয়েনা* (ঘ) রোম
**ব্যাখ্যা:** *International Atomic Energy Agency (IAEA) প্রতিষ্ঠিত হয় ১৯৫৭ সালের ২৯ জুলাই। এর সদর দপ্তর অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় অবস্থিত। জাতিসংঘের সাধারণ পরিষদ এবং নিরাপত্তা পরিষদ উভয় পরিষদেই সংস্থাটি এর কার্যক্রম পেশ করে।*

২. **জাতিসংঘ বিশ্ববিদ্যালয় অবস্থিত-**
(ক) নিউইয়র্ক (খ) টোকিও*
(গ) রোম (ঘ) কোস্টারিকা
**ব্যাখ্যা:** *১৯৭৩ সালের ৬ ডিসেম্বর জাপানের টোকিওতে জাতিসংঘ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। ১৯৭৬ সালে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে বিশ্ববিদ্যালয়টি। ১৯৬৯ সালে জাতিসংঘ মহাসচিব উ থান্ট (মিয়ানমার) জাতিসংঘ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন।*

৩. **বাংলাদেশের প্রথম বর্জ্য বিদ্যুৎ কেন্দ্র হবে কোন জেলায়?**
(ক) কুমিল্লা (খ) ব্রাহ্মণবাড়িয়া
(গ) খুলনা (ঘ) চট্টগ্রাম
**ব্যাখ্যা:** *বাংলাদেশের প্রথম বর্জ্য বিদ্যুৎ কেন্দ্র হবে নারায়ণগঞ্জ জেলায়। এই বিদ্যুৎকেন্দ্রটি থেকে ৩-৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা হবে।*

৪. **পৃথিবীর সর্বাধিক দ্বীপপুঞ্জের দেশ কোনটি?**
(ক) রাশিয়া (খ) ইন্দোনেশিয়া*
(গ) ফিলিপাইন (ঘ) ভারত
**ব্যাখ্যা:** *১৭,৫০৮টি দ্বীপ নিয়ে গঠিত দেশ ইন্দোনেশিয়া। দেশটির প্রধান দ্বীপগুলো হলো- জাভা, সুমাত্রা, বোর্নিও, পাপুয়া, বালি, বান্দা, আচেহ ইত্যাদি।*

৫. **পদ্মা সেতুর দৈর্ঘ্য কত কিলোমিটার?**
(ক) ৬.১৫* (খ) ৬.১৭
(গ) ৬.১১ (ঘ) ৬.২১
**ব্যাখ্যা:** *পদ্মা সেতুর দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ৬.১৫ কিমি ও ৭২ ফুট। সেতুর স্প্যান সংখ্যা ৪১টি যার প্রতিটির দৈর্ঘ্য ১৫০ মিটার। এটি পদ্মা নদীর ওপর নির্মিত।*

৬. **টি-২০ বিশ্বকাপ ক্রিকেটে প্রথম অনুষ্ঠিত হয়**
(ক) ২০০৬ সালে (খ) ২০০৮ সালে
(গ) ২০০৭ সালে* (ঘ) ২০১২ সালে
**ব্যাখ্যা:** *প্রথম আইসিসি ওয়ার্ল্ড টি-২০ অনুষ্ঠিত হয় ২০০৭ সালের ১১-২৪ সেপ্টেম্বর (দক্ষিণ আফ্রিকা)। প্রথম চ্যাম্পিয়ন হয় ভারত, রানার্সআপ হয় পাকিস্তান। বাংলাদেশ প্রথমবারের মতো ২০০৭ সালের ১৩ সেপ্টেম্বর ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে আইসিসি টি-২০ ওয়ার্ল্ড কাপ খেলে।*

৭. **জি-৭ এর একমাত্র এশীয় দেশ?**
(ক) জাপান* (খ) জাপান
(গ) চীন (ঘ) ভারত
**ব্যাখ্যা:** *জি-৭ এর একমাত্র এশীয় দেশ জাপান। বর্তমানে জি-৭ প্রধান ডোনাল্ড ট্রাম্প (যুক্তরাষ্ট্র)।*



www.bdniyog.com

www.bdniyog.com

**৮. কান্দাহার কোন দেশের শহর?**

(ক) কাজাকিস্তান (খ) ইরান
(গ) আফগানিস্তান* (ঘ) পাকিস্তান

**ব্যাখ্যা:** *আফগানিস্তানে ৩৪টি প্রদেশ রয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো হেরাত, কান্দাহার, কাবুল, জালালাবাদ, গজনী, ফারহা, মাজার-ই-শরীফ ইত্যাদি। আফগানিস্তানের শেষ বাদশাহ জহির শাহ।*

**৯. পক প্রণালী কোন দুটি দেশকে পৃথক করেছে?**

(ক) ভারত ও পাকিস্তান (খ) ভারত ও চীন
(গ) ভারত ও শ্রীলংকা* (ঘ) ভারত ও ভুটান

**ব্যাখ্যা:** *পক প্রণালী ভারত ও শ্রীলংকাকে পৃথক করেছে। অন্যদিকে, ভারত মহাসাগর ও আরব সাগরকে (বঙ্গোপসাগর ও মান্নার উপসাগর) সংযুক্ত করেছে।*

**১০. ইন্টারফ্যাক্স হলো-**

(ক) কোরিয়ার একটি বার্তা সংস্থা
(খ) রাশিয়ার একটি বার্তা সংস্থা*
(গ) চীনের একটি বার্তা সংস্থা
(ঘ) জাপানের একটি বার্তা সংস্থা

**ব্যাখ্যা:** *চীনের বার্তা সংস্থা সিনহুয়া; রাশিয়ার বার্তা সংস্থা ইন্টারফ্যাক্স, নভোস্তি ও তাস; দক্ষিণ কোরিয়ার বার্তা সংস্থা ইয়োনহ্যাপ; উত্তর কোরিয়ার বার্তা সংস্থা কেসিএনএ। বিশ্বের প্রাচীনতম সংবাদ সংস্থা এএফপি (সদর দপ্তর: প্যারিস, ফ্রান্স) এবং বৃহত্তম সংবাদ সংস্থা রয়টার্স (সদর দপ্তর: লন্ডন, যুক্তরাজ্য)।*

**১১. বাংলাদেশ প্রথম অংশগ্রহণ করে**

(ক) ২৩তম অলিম্পিক* (খ) ২১তম অলিম্পিক
(গ) ২৬তম অলিম্পিক (ঘ) ১২তম অলিম্পিক

**ব্যাখ্যা:** *বাংলাদেশ প্রথমবারের মতো অলিম্পিকে অংশগ্রহণ করে ১৯৮৪ সালে (লস এঞ্জেলসে)। সদস্য পদ লাভ করে ১৫ ফেব্রুয়ারি ১৯৮০। অলিম্পিকে বাংলাদেশের প্রথম প্রতিযোগী সাইদুর রহমান ডন। করোনাভাইরাসের কারণে ২০২০ সালের গ্রীষ্মকালীন অলিম্পিকের ৩২তম আসর (টোকিও অলিম্পিক) অনুষ্ঠিত হয়নি। ২০২১ সালে জাপানের টোকিওতে অনুষ্ঠিত হবে। আর ২০২২ সালে শীতকালীন অলিম্পিকের ২৪তম আসর আসর বসবে চীনের বেইজিংয়ে।*

**১২. মাতারবাড়ি কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পে বিশ্বের কোন দেশটি সহায়তা করছে?**

(ক) চীন (খ) জাপান*
(গ) কোরিয়া (ঘ) কানাডা

**ব্যাখ্যা:** *দেশের প্রথম গভীর সমুদ্রবন্দর (ডিপ সী-পোর্ট) নির্মিত হচ্ছে কক্সবাজারের মহেশখালী উপজেলার মাতারবাড়িতে। এতে সহায়তা করছে জাপানের 'জাইকা'। উল্লেখ্য, দেশে বর্তমানে ৩টি সমুদ্রবন্দর রয়েছে- চট্টগ্রাম, মংলা ও পায়রা। দেশের প্রধান সমুদ্রবন্দর হলো চট্টগ্রাম সমুদ্রবন্দর। মংলা সমুদ্রবন্দর বাগেরহাট জেলায় অবস্থিত (পশুর নদীতে)। ১৩ আগস্ট ২০১৬ দেশের তৃতীয় সমুদ্রবন্দর হিসেবে পায়রা সমুদ্রবন্দরের যাত্রা শুরু হয়।*

**১৩. আগুনের দ্বীপ কোনটি?**

(ক) আইসল্যান্ড* (খ) আয়ারল্যান্ড
(গ) থাইল্যান্ড (ঘ) ফিনল্যান্ড

**ব্যাখ্যা:** *আগুনের দ্বীপ আইসল্যান্ড। পান্নার দ্বীপ আয়ারল্যান্ড। শ্বেত হস্তীর দেশ থাইল্যান্ড। হাজার হ্রদের দেশ ফিনল্যান্ড।*

**১৪. কত সালে ফুটবল বিশ্বকাপ শুরুর ১০০ বছর পূর্ণ হবে?**

(ক) ২০৩২ (খ) ২০২৬
(গ) ২০২২ (ঘ) ২০৩০*

**ব্যাখ্যা:** *সর্বপ্রথম ১৯৩০ সালে উরুগুয়েতে বিশ্বকাপ ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছিল। আন্তর্জাতিক ফুটবল ফেডারেশন (FIFA) প্রতিষ্ঠিত হয় ২১ মে ১৯০৪ (ফ্রান্সের রাজধানী প্যারিসে)। সংস্থাটির সদর দপ্তর সুইজারল্যান্ডের জুরিখে অবস্থিত। ২০১৮ সালে বিশ্বকাপ ফুটবলের ২১তম আসর অনুষ্ঠিত হয় রাশিয়ায়। ২০২২ সালে ২২তম ফিফা ওয়ার্ল্ড কাপ অনুষ্ঠিত হবে কাতারে। বিশ্বকাপ ফুটবল প্রতি ৪ বছর অন্তর অনুষ্ঠিত হয়।*

## পররাষ্ট্র মন্ত্রণালয়

**পদের নাম: প্রশাসনিক কর্মকর্তা**

**তারিখ: ২৫.১০.২০১৯**

**১. বিরিশিরি কোথায় অবস্থিত?**

(ক) কিশোরগঞ্জ জেলায় (খ) নেত্রকোনা জেলায়*
(গ) শেরপুর জেলায় (ঘ) সিলেট জেলায়

**২. মুজিবনগর সরকার গঠিত হয় কোন তারিখে?**

(ক) ১৭ এপ্রিল ১৯৭১ (খ) ২৭ এপ্রিল ১৯৭১
(গ) ১০ এপ্রিল ১৯৭১* (ঘ) ৭ এপ্রিল ১৯৭১

**ব্যাখ্যা:** *মুজিবনগর সরকার গঠিত হয় ১০ এপ্রিল ১৯৭১। এ সরকার শপথ গ্রহণ করে ১৭ এপ্রিল ১৯৭১।*

**৩. Spain এর রাজধানীর নাম কি?**

(ক) বার্সিলোনা (খ) কর্ডোভা
(গ) গ্রানাডা (ঘ) মাদ্রিদ*

**৪. মরিশাস দ্বীপপুঞ্জ কোন সাগরে অবস্থিত?**

(ক) প্রশান্ত মহাসাগরে (খ) আটলান্টিক মহাসাগরে
(গ) ভারত মহাসাগরে* (ঘ) আরব সাগরে

**৫. ম্যানগ্রোভ বনাঞ্চল বলতে কি বোঝায়?**

(ক) কেওড়া বন (খ) উপকূলীয় বন*
(গ) শালবন (ঘ) মানবসৃষ্ট বন

**৬. জাপানের অতীত রাজধানীর নাম কী?**

(ক) ওসাকা (খ) হিরোশিমা
(গ) কিয়োটা* (ঘ) নাগাসাকি

**ব্যাখ্যা:** *জাপানের প্রাচীন রাজধানীর নাম কিয়োটো। বর্তমান রাজধানী টোকিও। ওসাকা জাপানের একটি বাণিজ্যিক শহর ও বন্দর। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপানের হিরোশিমা ও নাগাসাকিতে লিটল বয়' ও ফ্যাটম্যান' নামক পারমাণবিক বোমা নিক্ষেপ করে যুক্তরাষ্ট্র। জাপানকে সূর্যোদয়ের দেশ বলা হয়। জাপানের সংবিধানকে শান্তির সংবিধান বলা হয়।*

**৭. বাংলাদেশের শীর্ষ দ্বিপাক্ষীয় উন্নয়ন সহযোগী দেশ কোনটি?**

(ক) যুক্তরাষ্ট্র (খ) চীন
(গ) ভারত (ঘ) জাপান*

**৮. নির্বাহী বিভাগ হতে বিচার বিভাগের আলাদা করার বিষয় উল্লেখ আছে সংবিধানের কোন অনুচ্ছেদে?**

(ক) ২০ অনুচ্ছেদ (খ) ২১ অনুচ্ছেদ
(গ) ২২ নং অনুচ্ছেদ* (ঘ) ২৩ অনুচ্ছেদ

**৯. বঙ্গবন্ধু 'অস্থায়ী সংবিধান আদেশ' কবে ঘোষণা করেন?**

(ক) ১৬ ডিসেম্বর ১৯৭২ (খ) ১০ জানুয়ারি ১৯৭২
(গ) ১ জানুয়ারি ১৯৭২* (ঘ) ৪ নভেম্বর ১৯৭২

**১০. কুইবেক প্রদেশ কোন দেশের অংশ?**

(ক) যুক্তরাজ্য (খ) কানাডা*
(গ) যুক্তরাষ্ট্র (ঘ) ফ্রান্স

**ব্যাখ্যা:** *কানাডার কুইবেক অঞ্চলকে পশ্চিমের জিব্রাল্টার বলা হয়। কানাডার রাজধানী অটোয়া এবং বৃহত্তম শহর টরেন্টো। অন্টারিও প্রদেশটিও কানাডার অংশ। কানাডার বর্তমান প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। কানাডা কাগজ শিল্পের জন্য বিখ্যাত এবং আয়তনে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম দেশ।*



www.bdniyog.com

www.bdniyog.com

**১১. BIPSOT বলতে কী বোঝায়?**

(ক) Bangladesh Institute of Public Service Officers Training.
(খ) Bangladesh International Peace Support Overseas Training.
(গ) Bangladesh International Peace Support Operation of Training.
(ঘ) Bangladesh Inland Police Service Operation and Training.

**ব্যাখ্যা:** *BIPSOT এর পূর্ণরূপ Bangladesh International Peace Support Operation Training। এটি জাতিসংঘের একটি Peace support operation। এই প্রতিষ্ঠানটি গাজীপুরে অবস্থিত।*

**১২. মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন?**

(ক) তাজউদ্দিন আহমেদ (খ) সৈয়দ নজরুল ইসলাম
(গ) এ এইচ এম কামরুজ্জামান (ঘ) ক্যাপ্টেন এম মনসুর আলী*

**১৩. European Union এর সদর দপ্তর কোথায় অবস্থিত?**

(ক) প্যারিসে (খ) ব্রাসেলসে*
(গ) রোমে (ঘ) বার্লিনে

**ব্যাখ্যা:** *European Union এর সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে। অফিসিয়াল ভাষা ২৩টি এবং পতাকায় তারকার সংখ্যা ১২টি। ইউরোপীয় ইউনিয়নের সদস্য দেশ ২৭টি। ৩১ জানুয়ারি ২০২০ যুক্তরাজ্যের ব্রেক্সিট কার্যকর হয়।*

**১৪. IDA বলতে কী বোঝেন?**

(ক) International Development Authority.
(খ) Industrial Development Authority.
(গ) International Development Association.*
(ঘ) Inland Development Authority.

**ব্যাখ্যা:** *IDA প্রতিষ্ঠিত হয় ২৪ সেপ্টেম্বর ১৯৬০। এর সদর দপ্তর ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র। বিশ্বের উন্নয়নশীল দেশগুলোকে স্বল্পসুদে ঋণ দেয় IDA। ৫ বছরের রেয়াতকালসহ ৪০ বছরে শূন্য দশমিক ৭৫ শতাংশ সুদে পরিশোধ যোগ্য এ ঋণ স্বল্পোন্নত দেশগুলোকে দেয়া হয়। সবচেয়ে সস্তা ঋণ দেয়ায় এটিকে বিশ্বব্যাংকের 'Soft loan window' বলা হয়। বর্তমানে IDA এর ঋণপ্রাপ্তিতে বাংলাদেশের অবস্থান দ্বিতীয় (শীর্ষস্থান ইথিওপিয়া)।*

**১৫. কান্তজীর মন্দির কোন জেলায় অবস্থিত?**

(ক) দিনাজপুর জেলায়* (খ) রংপুর জেলায়
(গ) রাজশাহী জেলায় (ঘ) বগুড়া জেলায়

**ব্যাখ্যা:** *কান্তজীর মন্দির দিনাজপুরে অবস্থিত। আঠারো শতকে নির্মিত এই মন্দিরটি 'নবরত্ন মন্দির' নামেও পরিচিত। কারণ তিনতলাবিশিষ্ট এই মন্দিরের নয়টি চূড়া বা রত্ন ছিলো। বাংলাদেশের সর্বোৎকৃষ্ট টেরাকোটা শিল্পের নিদর্শন রয়েছে এ মন্দিরে।*

## বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন

**পদের নাম: বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা**

**তারিখ: ১০.০৯.২০১৯**

**১. মহাস্থানগড় কিসের জন্য বিখ্যাত?**

(ক) স্থলবন্দর (খ) প্রাচীন পুরাকীর্তি*
(গ) ব্যবসা কেন্দ্র (ঘ) পাহাড়

**ব্যাখ্যা:** *মহাস্থানগড়ের অবস্থান বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায়। প্রসিদ্ধ এই নগরী ইতিহাসে পুণ্ড্রবর্ধন বা পুণ্ড্রনগর নামেও পরিচিত ছিল। এক সময় মহাস্থানগড় বাংলার রাজধানী ছিল। এটি বগুড়া শহর থেকে ১৩ কিমি উত্তরে করতোয়া নদীর পশ্চিম তীরে অবস্থিত, যা একসময় মৌর্য ও গুপ্ত বংশের রাজাদের রাজধানী ছিল।*

**২. মুক্তিযুদ্ধে ক্র্যাক প্লাটুন কোন শহরে সক্রিয় ছিল?**

(ক) চট্টগ্রাম (খ) খুলনা
(গ) ঢাকা* (ঘ) বরিশাল

**৩. মুক্তিযুদ্ধে ২ নং সেক্টরের কমান্ডার কে ছিলেন?**

(ক) আবু ওসমান চৌধুরী (খ) মেজর রফিকুল ইসলাম
(গ) মেজর খালেদ মোশারফ* (ঘ) মেজর আবু তাহের

**৪. কোনটি রামসার সাইট?**

(ক) হাকালুকি হাওড় (খ) মারজাও বাওর
(গ) টাঙ্গুয়ার হাওড়* (ঘ) সেন্টমার্টিন

**৫. মুক্তিযুদ্ধ চলাকালে বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপতি ছিলেন?**

(ক) তাজউদ্দিন আহমেদ (খ) সৈয়দ নজরুল ইসলাম*
(গ) ক্যাপ্টেন এম মনসুর আলী (ঘ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

**৬. কারাগারের রোজনামচা-**

(ক) নাটক (খ) উপন্যাস
(গ) কাব্য (ঘ) দিনলিপি*

**৭. এশিয়ার দীর্ঘতম নদী কোনটি?**

(ক) আমাজন (খ) নীলনদ
(গ) ইয়াংসিকিয়াং* (ঘ) যমুনা

**ব্যাখ্যা:** *এশিয়ার দীর্ঘতম নদী ইয়াংসিকিয়াং (চীন)। দক্ষিণ আমেরিকা তথা পৃথিবীর বৃহত্তম নদী আমাজান (ব্রাজিল), দীর্ঘতম নদী নীলনদ (মিশর) এবং গভীরতম নদী 'কঙ্গো নদী'। ইউরোপের দীর্ঘতম নদী ভলগা (রাশিয়া)।*

**৮. NATO এর সদর দপ্তর কোথায়?**

(ক) বেলজিয়াম* (খ) ফ্রান্স
(গ) জার্মানি (ঘ) তুরস্ক

**ব্যাখ্যা:** *সামরিক জোট ন্যাটোর সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত।*

**৯. নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ জেলা পর্যায়ে কোন কর্মকর্তার অধীনে কাজ করেন?**

(ক) জেলা জজ (খ) চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট
(গ) জেলা ম্যাজিস্ট্রেট* (ঘ) দায়রা জজ

**১০. হালদা নদী কিসের জন্য বিখ্যাত?**

(ক) মাতৃ মৎস্য ভাণ্ডার* (খ) পর্যটন
(গ) রামসার সাইট (ঘ) নদীবন্দর

**ব্যাখ্যা:** *১২ মে ২০২০ মহামান্য হাইকোর্ট হালদা নদীর ডলফিন হত্যা বা শিকার না করার নির্বাহী আদেশ দিয়েছেন।*

**১১. বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দানকারী দেশ কোনটি?**

(ক) ভারত (খ) সোভিয়েত ইউনিয়ন
(গ) ভুটান* (ঘ) ব্রিটেন

**ব্যাখ্যা:** *৬ ডিসেম্বর ১৯৭১ ভারতের স্বীকৃতি দেয়ার কয়েক ঘন্টা আগে ভুটান বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি দেয়। তাই অপশনে ভারত ও ভুটান দুটোই থাকলে উত্তর হবে ভুটান।*

## কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স

**পদের নাম: জুনিয়র অফিসার**

**তারিখ: ১৫.১১.২০১৯**

**১. কোন প্রতিষ্ঠানটি নোবেল পুরস্কার প্রাপ্ত?**

(ক) আরব লীগ (খ) ইউরোপীয় ইউনিয়ন*
(গ) আসিয়ান (ঘ) ন্যাটো (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *২০১২ সালে ইউরোপীয় ইউনিয়ন শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে। শান্তিতে নোবেল পুরস্কারপ্রাপ্ত আরও কিছু প্রতিষ্ঠান:*

| সংস্থা | পুরস্কার লাভ | সংস্থা | পুরস্কার লাভ |
|---|---|---|---|
| ন্যাশনাল ডায়ালগ কোয়ার্টেট | ২০১৫ | রেডক্রস | ১৯১৭<br>১৯৪৪<br>১৯৬৩ |



www.bdniyog.com

| | | | |
|---|---|---|---|
| আন্তর্জাতিক রাসায়নিক অস্ত্র নিরস্ত্রীকরণ সংস্থা | ২০১৩ | UNHCR | ১৯৫৪ ১৯৮১ |
| IAEA | ২০০৫ | ইউনিসেফ | ১৯৬৫ |
| গ্রামীণ ব্যাংক | ২০০৬ | আইএলও | ১৯৬৯ |
| জাতিসংঘ | ২০০১ | অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল | ১৯৭৭ |
| IPCC | ২০০৭ | জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনী | ১৯৮৮ |
| ICAN | ২০১৭ | ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল ল | ১৯০৪ |

২. **খানজাহান আলী সেতু কোন নদীর উপর নির্মিত হয়েছে?**

(ক) পশুর (খ) শীতলক্ষ্যা
(গ) রূপসা* (ঘ) বুড়িগঙ্গা (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *খানজাহান আলী সেতু নির্মিত হয়েছে খুলনার রূপসা নদীর ওপর। সেতুটির দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ১.৩৬ কিলোমিটার ও ১৬.৪৮ মিটার।*

৩. **বাংলাদেশের কোন বিভাগের সাথে ভারত ও মায়ানমার উভয় দেশেরই সীমান্ত সংযোগ আছে?**

(ক) সিলেট (খ) বরিশাল
(গ) ময়মনসিংহ (ঘ) চট্টগ্রাম* (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *চট্টগ্রাম বিভাগের রাঙামাটি জেলার সাথে ভারত ও মিয়ানমার উভয় দেশেরই সীমান্ত সংযোগ আছে। অপরদিকে, ঢাকা ও বরিশাল বিভাগ দুটির সাথে ভারতের কোন সীমান্ত নেই।*

৪. **নিচের কোন নদীগুলোর উৎপত্তি ও সমাপ্তি বাংলাদেশে?**

(ক) মনু ও হালদা (খ) হালদা ও গোমতী
(গ) হালদা ও সাঙ্গু (ঘ) ফেনী ও সাঙ্গু (ঙ) কোনটিই নয়*

৫. **ইউরোপীয় দেশ বুলগেরিয়ার রাজধানীর নাম কি?**

(ক) প্রাগ (খ) বার্লিন
(গ) সোফিয়া* (ঘ) বুদাপেস্ট (ঙ) কোনটিই নয়

৬. **ইরানের মুদ্রার নাম কি?**

(ক) রিয়াল* (খ) ডলার
(গ) দিনার (ঘ) রুপী (ঙ) কোনটিই নয়

৭. **জাতিসংঘের বর্তমান মহাসচিব কোন দেশের অধিবাসী?**

(ক) নাইজেরিয়া (খ) দক্ষিণ কোরিয়া
(গ) পর্তুগাল* (ঘ) ব্রাজিল (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *জাতিসংঘের বর্তমান মহাসচিব (৯ম) অ্যান্তোনিও গুতেরেস পর্তুগালের নাগরিক। তিনি ২০১৭ সালের ১ জানুয়ারি জাতিসংঘের ৯ম মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। উল্লেখ্য, ২০১৮ সালে গুতেরেস জাতিসংঘের চতুর্থ মহাসচিব হিসেবে বাংলাদেশ সফর করেন। তার সফরসঙ্গী ছিলেন বিশ্বব্যাংকের সাবেক প্রেসিডেন্ট বান কি মুন (দক্ষিণ কোরিয়া)।*

৮. **ডিজিটাল বাংলাদেশ দিবস কত তারিখে পালিত হয়?**

(ক) ১৫ নভেম্বর (খ) ১০ ডিসেম্বর
(গ) ১২ ডিসেম্বর* (ঘ) ১ নভেম্বর (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *ডিজিটাল বাংলাদেশ দিবস-এর পূর্বনাম আইসিটি দিবস বা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস। ২৭ নভেম্বর ২০১৭ বাংলাদেশ সরকার এ দিবসটি রাষ্ট্রীয়ভাবে পালনের ঘোষণা দেয়। ২৬ নভেম্বর ২০১৮ আইসিটি দিবসের পরিবর্তে দিবসটিকে ডিজিটাল বাংলাদেশ দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত নেয়া হয়। প্রতিবছর ১২ ডিসেম্বর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর দিবসটি পালন করে।*

৯. **বাংলাদেশের মুক্তিযুদ্ধে মোট কয়টি ফোর্স ছিল?**

(ক) একটি (খ) দুটি
(গ) তিনটি* (ঘ) চারটি (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *মুক্তিযুদ্ধের সময় তাজউদ্দিন আহমেদের নির্দেশে কর্ণেল এম এ জি ওসমানী সমগ্র দেশকে ১১টি সেক্টরে বিভক্ত করেন। এছাড়া সমগ্র দেশকে ৬৪টি সাব-সেক্টরে বিভক্ত করা হয়। মুক্তিযুদ্ধে পাক বাহিনীর বিরুদ্ধে সম্মুখ সমরে যুদ্ধ করার জন্য ব্রিগেড আঁকারে ৩টি ফোর্স গঠন করা হয়। যথা: এস ফোর্স, কে ফোর্স এবং জেড ফোর্স।*

www.bdniyog.com

১০. **ধান উৎপাদনে বিশ্বে বর্তমানে শীর্ষস্থানে কোন দেশ রয়েছে?**

(ক) চীন* (খ) ইন্দোনেশিয়া
(গ) বাংলাদেশ (ঘ) ভারত (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *বিশ্বে চাল রপ্তানিতে শীর্ষ দেশ ভারত। অন্যদিকে, বাংলাদেশ চাল উৎপাদনে চতুর্থ এবং পাট উৎপাদনে শীর্ষ দেশ। ধান, গম, চা, তামাক ও মাছ উৎপাদনে বিশ্বে শীর্ষ দেশ চীন।*

১১. **মিয়ানমারের সাথে বাংলাদেশের একমাত্র স্থলবন্দর কোথায় অবস্থিত?**

(ক) বাঁশখালী (খ) উখিয়া
(গ) রামু (ঘ) টেকনাফ* (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *বর্তমানে দেশে ২৪টি স্থলবন্দর রয়েছে (সর্বশেষ ভোলাগঞ্জ, সিলেট)। বাংলাদেশের বৃহত্তম স্থলবন্দর বেনাপোল। বাংলাদেশের সিলেট জেলায় ৩টি স্থলবন্দর রয়েছে। উল্লেখ্য, বাংলাদেশে ৩টি সমুদ্রবন্দর রয়েছে। যথা: মংলা, চট্টগ্রাম ও কক্সবাজার।*

১২. **বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রতীক 'বলাকা'র নকশা কে করেন?**

(ক) মুর্তজা বশীর (খ) মোস্তফা মনোয়ার
(গ) কামরুল হাসান* (ঘ) জয়নুল আবেদিন (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *কামরুল হাসানকে 'পটুয়া' বলা হয়। তিনি বাংলাদেশের জাতীয় প্রতীক, বর্তমান জাতীয় পতাকা এবং বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রতীক 'বলাকা'র নকশা করেন। এছাড়া তিনি 'এই জানোয়ারদের হত্যা করতে হবে', 'দেশ আজ বিশ্ববেহায়ার খপ্পরে' শিরোনামে রাজনৈতিক স্কেচ আঁকেন।*

১৩. **সরকার ঘোষিত দেশের প্রথম মৎস্য অভয়াশ্রম কোথায় অবস্থিত?**

(ক) হালদা নদী (খ) হাকালুকি হাওড়
(গ) হাইল হাওড়* (ঘ) চলন বিল (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *বাংলাদেশ সরকার ঘোষিত দেশের প্রথম মৎস্য অভয়াশ্রম হাইল হাওড় মৌলভীবাজারের শ্রীমঙ্গলে অবস্থিত।*

১৪. **বাংলাদেশের বৃহত্তম গ্যাসক্ষেত্র কোনটি?**

(ক) তিতাস* (খ) বিয়ানীবাজার
(গ) বাখরাবাদ (ঘ) সাঙ্গু (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *বর্তমানে দেশে ২৮টি গ্যাসক্ষেত্র রয়েছে (সর্বশেষ নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া)। ১৯৫৫ সালে সিলেটের হরিপুরে প্রথম গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়। ১৯৫৭ সালে বাণিজ্যিকভাবে গ্যাস উত্তোলন শুরু হয়। দেশের বৃহত্তম গ্যাসক্ষেত্রের নাম তিতাস (ব্রাহ্মণবাড়িয়া)।*

১৫. **আন্তর্জাতিক ক্রিকেট সংস্থা (ICC) এর সদর দপ্তর কোথায় অবস্থিত?**

(ক) লন্ডন (খ) মুম্বাই
(গ) দুবাই* (ঘ) মেলবোর্ন (ঙ) কোনটিই নয়

**ব্যাখ্যা:** *আন্তর্জাতিক ক্রিকেট সংস্থা (ICC) প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠাকালীন আইসিসি'র সদর দপ্তর ছিল লন্ডনে। বর্তমানে এর সদর দপ্তর সংযুক্ত আরব আমিরাতের দুবাইতে অবস্থিত।*

Spotlight Publications


www.bdniyog.com

www.bdniyog.com

আরো দেখুন

প্রতিদিনের চাকুরীর সার্কুলার পেতে এখানে ক্লিক করুন

প্রতি মাসের কারেন্ট অ্যাফেয়ার্স পিডিএফ এখানে ক্লিক করুন

চাকুরীর প্রয়োজনীয় সকল পিডিএফ বই এখানে ক্লিক করুন

বিসিএস এর প্রয়োজনীয় পিডিএফ বই এখানে ক্লিক করুন

প্রতি সপ্তাহের চাকুরী পত্রিকা ডাউনলোড এখানে ক্লিক করুন

সকল নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান এখানে ক্লিক করুন

বিডিনিয়োগ.কম দেশের সেরা পিডিএফ কালেকশন

SSC এর প্রয়োজনীয় সকল পিডিএফ বই এখানে ক্লিক করুন

HSC এর প্রয়োজনীয় সকল পিডিএফ বই এখানে ক্লিক করুন

বিশ্ববিদ্যালয় ভর্তির সকল পিডিএফ বই এখানে ক্লিক করুন

সকল ধরনের সাজেশন ডাউনলোড এখানে ক্লিক করুন

ORIGINAL BDNIYOG.COM COPYRIGHT

www.bdniyog.com